স্বাস্থ্য সেবা বিভাগ এর আওতায় ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পে সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন – সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১.	স্বাস্থ্য সেবা বিভাগ	০৭	০৭	-	-	০৩	০৬	২২% ৫৩৩%	০৩	-১১.৫৫% ৮১.১৯%

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ** ৭টি

২। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ**

মন্ত্রণালয়/ বিভাগের নাম	প্রকল্পের নাম	ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ
স্বাস্থ্য সেবা বিভাগ	লালকুঠি মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্রের অসাপ্ত কাজ সমাপ্তকরণ (১ম সংশোধিত)	বিভিন্ন নির্মাণ সংক্রান্ত কার্যক্রম ও আসবাবপত্র সংগ্রহ, যন্ত্রপাতি , অফিস সরঞ্জাম, ওষধপত্র, ও এ্যাম্বুলেন্স ইত্যাদি ক্রয় সংক্রান্ত কার্যক্রমে বিলম্ব হওয়ায় মেয়াদ বৃদ্ধি পায়।
	২৫০ শয্যা বিশিষ্ট জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল স্থাপন	দাতা সংস্থার (এসএফডি) অর্থ সংস্থানে বার বার বিলম্বের কারণে প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি পায়।
	৫০ শয্যা বিশিষ্ট জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালকে ৩০০ শয্যায় উন্নীতকরণ	দরপত্র প্রক্রিয়াকরণে বিলম্ব, ফান্ড প্রাপ্তিতে বিলম্ব, এলসি সংক্রান্ত জটিলতা ইত্যাদি কারণে প্রকল্পটি সঠিক সময়ে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। ফলশ্রুতিতে প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয়তা দেখা দেয়।

৫০ শয্যা বিশিষ্ট জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল ৩০০ শয্যায় উন্নীতকরণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৯)

১। প্রকল্পের নাম : ৫০ শয্যা বিশিষ্ট জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল ৩০০ শয্যায় উন্নীতকরণ

২। প্রকল্পের অবস্থান : মহাখালী, ঢাকা

৩। বাস্তবায়নকারী সংস্থা : স্বাস্থ্য অধিদপ্তর

৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্বাস্থ্য সেবা বিভাগ

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় (লক্ষ টাকায়):

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১২০৩০.৬৫	২৯৫৫২.৩০	২১৭৯৮.৩৫	০১-০৭-২০০৩ হতে ৩০-০৬-২০০৬	০১-০৭-২০০৩ হতে ৩০-০৬-২০১৯	০১-০৭-২০০৩ হতে ৩০-০৬-২০১৯	৯৭৬৭.৭০ (৮১.১৯%)	১৯২ মাস (৫৩৩%)

৬।প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (লক্ষ টাকায়):

ক্র নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		প্রকৃত ব্যয় হ্রাস/বৃদ্ধি
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১	জনবল (পিডি+অফিস স্টাফ-৪)	৫জন	৫জন	২০.০০	৫জন	১৯.৭৪	০.২৬
২	রক্ষণাবেক্ষণ	-	-	৫০.০০	১২.৭২	৬.৩৬	৪৩.৬৪
৩	ওভারটাইম (টেলিফোন বিল, স্টেশনারী, বিজ্ঞাপন এবং পাবলিকেশন, অন্যান্য)	থোক	-	১৫০.০০	৫৫.৯৫%	৮৩.৯২%	৬৬.০৮
৪	বৈদেশিক প্রশিক্ষণ	-	-	১২০.০০	৩.০৫%	৩.৬৬	১১৬.৩৪
৫	বই এবং পত্রিকা	থোক	থোক	৯৫.০০	৯৬.৮৮%	৯২.০৪%	২.৯৬%
৬	বীমা, বিএইসি ফি, কমিশন/সুদ (সিএন্ড এফ এজেন্ট কমিশন) শ্রমিক মজুরি/পোশাক	থোক	-	২৫০.০০	১১.৬৫%	২৯.১৩%	২২০.৮৭

ক্র নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		প্রকৃত ব্যয় হ্রাস/বৃদ্ধি
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৭	পরামর্শক ফি	থোক	-	৫০	০.০	০.০	৫০.০০
৮	ভৌত (গণপূর্ত)	৭৯৫৬৬ স্কয়ার মিটার	৭৭৬২০.৭৫ স্কয়ার মিটার	৮৯৩৮.৯২	৯৪.৬৫%	৮৪৬০.৬০	৪৭৮.৩২
৯	ভৌত(ই/এম)	-	-	৩২০৮.১৮	৮৩.৭০%	২৬৮৫.৪৯	৫২২.৬৯
১০	যানবাহন	৫টি (মাইক্রোবাস-১,এম্বুলেন্স-৪)	৩টি (মাইক্রোবাস-১, এম্বুলেন্স-২)	১১০.০০	৫৭.০৭%	৬৪.০৪	
১১	যন্ত্রপাতি (অভ্যন্তরীণ)	-	-	১৭০৬.৪০	৬৮.৫২%	১১৬৯.৩৪	৫৩৭.০৬
১২	যন্ত্রপাতি (বৈদেশিক)	-	-	১৩৩০৯.৫০	৬২.৪৫%	৮৩১২.৬৫ %	৪৯৯৬.৮৫
১৩	সিডি/ভ্যাট	থোক	-	৭৯৭.৪০	৭০.০৪%	৫৫৮.৫১	২৩৮.৮৯
১৪	টেলিফোন	থোক	থোক	১৫.০০	১.৬০%	০.২৪	১৪.৭৬
মোট				২৮৮১৭.৩০		২১৫৬৩.৫০	৭২৫৩.৮০
সর্বমোট				২৯৫৫২.৩০	৭৩.৭০%	২১৭৯৮.৩৫	৭৭৫৩.৯৫

৭। **প্রকল্পের কাজে ধীরগতির কারণ**

প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা এবং পিসিআর হতে প্রাপ্ত তথ্য থেকে জানা যায় যে, প্রকল্পের কাজে ধীরগতির কারন প্রকল্প পরিচালক পরিবর্তন এবং এসএফডি কর্তৃপক্ষের কাজের ধীরগতি ইত্যাদি কারনে প্রায় ০২(দুই) বৎসর প্রকল্পের কাজে স্থবিরতা বিরাজ করে। এসএফডি (Soudi fund for development) এর আওতায় প্রকল্পের ভৌত কাজ ও যন্ত্রপাতি ক্রয়ের প্রতিটি পদক্ষেপে এসএফডি কর্তৃপক্ষের অনুমোদন নিতে বেশ সময় ব্যয় হয়। এ সকল কারনে টেন্ডার দেয়ার অনুমোদন, এলসি অনুমোদন, এলসি মূল্য পরিশোধ, বিল প্রেরণ এবং বিলের অর্থ সরাসরি ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রদান ইত্যাদি কার্যক্রম বিলম্ব হয়েছে। এছাড়া অনেক সময় এসএফডি কর্তৃক অনুমোদিত কাজের ফান্ড প্রদান দীর্ঘ সময় বন্ধ রাখা হয়। এর ফলে ঠিকাদার কয়েকবার কাজ ছেড়ে চলে গিয়েছে এবং কাজ বন্ধ রেখেছে। এ সকল কারনে প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে সমাপ্ত করা ম্ভব হয়নি।

৮। **প্রকল্পের সাধারণ তথ্য**

৮.১ **প্রকল্পের পটভূমি**

বাংলাদেশে বর্তমানে প্রায় ৮ থেকে ১০ লক্ষ ক্যান্সার রোগী আছে বলে ধারনা করা হয়। প্রতি বছর আরও ২ লক্ষ নতুন রোগী যোগ হচ্ছে এবং প্রায় দেড় লক্ষ রোগী প্রতি বছর মারা যায়। বিশেষজ্ঞদের ধারনা, এক তৃতীয়াংশ ক্যান্সার প্রতিরোধযোগ্য, এক-তৃতীয়াংশ নিরাময়যোগ্য এবং বাকী অনিরাময়যোগ্য রোগও প্রশমিত হতে পারে।

বাংলাদেশে ক্যান্সার রোগকে অন্যতম সমস্যা বিবেচনা করে সরকার ১৯৮১ সালে ৪৪২.৪৮(১১৪.৫৪ লক্ষ টাকা বৈদেশিক

মুদ্রা) লক্ষ টাকা ব্যয়ে জাতীয় ক্যান্সার ইনস্টিটিউট ও হাসপাতাল স্থাপন প্রকল্প গ্রহণ করে। পরবর্তীতে দেশে ক্যান্সার রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ জোরদারকারণ, ক্যান্সার রোগীদের বিশেষজ্ঞ চিকিৎসার স্বার্থে এবং গবেষণা কার্যক্রম সম্প্রসারণের প্রয়োজনীয়তা দেখা দিলে প্রথম সংশোধনীতে ১১৫৮.১১ লক্ষ টাকা এবং দ্বিতীয় সংশোধনীতে এর ব্যয় ১৩৩০.০০ লক্ষ টাকা দাঁড়ায়।

২৩-০৫-১৯৯৩ তারিখে তৎকালীন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন প্রকল্প পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় ক্যান্সার গবেষণা ইনষ্টিটিউট ও হাসপাতাল স্থাপন প্রকল্পটি ৩০শে জুন ১৯৯৩. এ সমাপ্তসহ নিয়োগকৃত জনবল রাজস্ব খাতে স্থানান্তর করা হয় এবং বিদ্যমান শয্যা সংখ্যা ৫০ হতে ৩০০ তে উন্নীত করার জন্য ৫০ শয্যা বিশিষ্ট জাতীয় ক্যান্সার গবেষণা ইনষ্টিটিউট ও হাসপাতালকে ৩০০ শয্যায় উন্নীতকরণ প্রকল্পের পিসিপি প্রণয়ন করা হয়। যেহেতু ৫০ শয্যা বিশিষ্ট ক্যান্সার হাসপাতালটি নিজস্ব ৪.১৬ একর জমিতে অবস্থিত তাই ৩০০ শয্যা হাসপাতালে উন্নীত করার নিমিত্ত নতুন কোনো জমি অধিগ্রহণ করার প্রয়োজন হয় নি।

৮.২ প্রকল্পের উদ্দেশ্য:

- অভ্যন্তরীন ও বহি:র্বিভাগ উভয় ক্ষেত্রে ক্যান্সার রোগীদের জন্য আধুনিক পদ্ধতিতে রোগ সনাক্তকরণ এবং চিকিৎসা সুবিধা স্থাপন করা;
- নার্স এবং প্যারামেডিকসদের জন্য বিশেষ প্রশিক্ষণ সুবিধা প্রদান করা;
- ডাক্তারদের জন্য স্নাতকোত্তর কোর্স এবং প্রশিক্ষণ সুবিধা প্রদান করা;
- টিউমার রেজিস্ট্রেশন ব্যবস্থা প্রবর্তন করা;
- "ইনফরমেশন, এডুকেশন এন্ড কম্যুনিকেশন(আইইসি)" কর্মসূচির মাধ্যমে ক্যান্সার প্রতিরোধ ও নিয়ন্ত্রনের জন্য সচেতনতা সৃষ্টি করা;
- ক্যান্সারের উপর গবেষনা কার্যক্রম সম্প্রসারণ করা এবং সাধারণ মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি করা; এবং
- ক্যান্সার রোগ আরোগ্য লাভের হওয়ার পর তাদের পূনর্বাসন করা।

৮.৩ প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রম

- পূর্ত কাজ
- যানবাহন সংগ্রহ
- চিকিৎসা সরঞ্জাম সংগ্রহ
- আসবাবপত্র সংগ্রহ
- বৈদেশিক প্রশিক্ষণ
- পরামর্শক সেবা সংগ্রহ

৮.৪ প্রকল্পের প্যাকেজ সংক্রান্ত তথ্য

SL	Description of procurement	Tender/Bid/Proposal cost (in core taka)		Tender/Bid/Proposal		Date of completion of Works/services and supply of goods	
		As per RDPP	Contracted Value	Invitation date	Contract signing/ LC opening date	As per contract	Actual
Goods: (Medical Equipments & Instruments and others)							
1	Package no-UNICRH/003 Sub Package a (MRI Machine)	1000.00	979.60	03-04-2005	05-06-2005	16 Weeks From the date of L/C Opening (LC 16-06-2005)	21.10.2006
2	Package no-UNICRH/003 Sub Package B (CT Scan Machine)	250.00	231.82	03-04-2005	06-06-2005	16 Weeks From the date of L/C Opening (LC 16-06-2005)	19-09-2006
3	Package no-UNICRH/001 (Linear Accelerator 6/10MV)	1450.00	1424.09	03-04-2005	08-06-2005	22 Weeks From the date of L/C Opening (LC 16-06-2005)	18-01-2009
4	Package no-UNICRH/025L (Furniture)	277.10	253.26	26-09-2005	19-01-2006	30-06-2006	12-06-2006
5	Package no-UNICRH/044 (Linear Accelerator 6/12mv)	1300.00	1269.89	25-09-2005	20-02-2006	24 Weeks From the date of L/C Opening (LC 28-03-2006)	02-02-2011

SL	Description of procurement	Tender/Bid/Proposal cost (in core taka)		Tender/Bid/Proposal		Date of completion of Works/services and supply of goods	
		As per RDPP	Contracted Value	Invitation date	Contract signing/ LC opening date	As per contract	Actual
6	Package no-UNICRH /008 (Defibrillator, patient monitor machine)	349.10	340.28	20-10-2005	10-04-2006	16 Weeks From the date of L/C Opening (LC 02-05-2006)	31-05-2008
7	Package no-UNICRH/010 Sub package B(X-ray machine)	235.00	249.79	20-10-2005	08-06-2006	16 Weeks From the date of L/C Opening (LC 25-06-2006)	17-11-2007
8	Package no-UNICRH/011 (Anesthesia Machine)	284.00	272.77	18-02-2006	22-06-2006	6 Weeks From the date of L/C Opening (LC 29-06-2006)	06-08-2007
9	Package no-UNICRH/02il (MIs Equipments)	362.95	345.20	16-05-2006	22-06-2006	12 Weeks From the date of Contract sing (contract 22-06-2006)	08-10-2006
10	Package no-UNICRH/016l (Immobilization set)	421.03	287.92	17-10-2009	04-04-2010	16 Weeks From the date of contract Sing (contract 04.04.201	25-10-2010

SL	Description of procurement	Tender/Bid/Proposal cost (in core taka)		Tender/Bid/Proposal		Date of completion of Works/services and supply of goods	
		As per RDPP	Contracted Value	Invitation date	Contract signing/ LC opening date	As per contract	Actual
						0)	
11	Package no-UNICRH/035 (Medical Gas System)	220.00	198.99	05-09-2010	19-09-2011	12 Weeks From the date of Fund reservation approved by SFD (Res: Date of 08.08.2011)	29-12-14
12	Package no-UNICRH/045 (Linear Accelerator)	950.00	817.60	12-01-2011	04-06-2011	20 Weeks From the date of L/C Opening (LC 29-06-2011)	11-08-2014
13	Package no-UNICRH/029 (CT Guided Simulator With accessories	500.00	496.83	03-12-2011	04-09-2012	20 Weeks From the date of Fund reservation approved by SFD (Res: Date of 06.10.2012)	22-12-14
14	Package no-UNICRH/031 (A)(Equipment For Q/A,	200.00	197.68	03-12-2011	06-09-2012	20 Weeks From the date of Fund	31-03-2013

SL	Description of procurement	Tender/Bid/Proposal cost (in core taka)		Tender/Bid/Proposal		Date of completion of Works/services and supply of goods	
		As per RDPP	Contracted Value	Invitation date	Contract signing/ LC opening date	As per contract	Actual
	Radiation Protection & Physics					reservation approved by SFD (Res: Date of 06.10.2012)	
15	Package no-UNICRH/034 (Video Colposcope With camera and Tv Monitor and others)	213.00	69.13	03-12-2011	09-09-2012	20 Weeks From the date of Fund reservation approved by SFD (Res: Date of 06.10.2012)	22-06-2014
16	Package no-UNICRH/046L (A) (Furniture)	453.86	59.37	19-11-2011	09-09-2012	3 months From the date of Fund reservation approved by SFD (Res: Date of 06.10.2012)	10-06-2013
17	Package no-UNICRH/031 (B) Supply and Commissioning of Different	300.00	290.80	12-01-2017	20-05-2017	160 days From the date of Fund reservatio	17-09-2018

SL	Description of procurement	Tender/Bid/Proposal cost (in core taka)		Tender/Bid/Proposal		Date of completion of Works/services and supply of goods	
		As per RDPP	Contracted Value	Invitation date	Contract signing/ LC opening date	As per contract	Actual
	Demobilization System"					n approved by SFD (Res: Date of 12-11-2017)	
18	Package no-UNICRH/023L Supply of "chemical & Reagent For Konia 60i, Bio-chemistry Auto Analyzer Machine	307.64	98.42	30-08-2017	26-10-2017	8 Weeks From the date of L/C Opening (LC 26.10.2017)	30-11-2017
19	Package no-UNICRH/041 Surgical Equipment & Instruments"	282.01	225.00	30-01-2019	13-04-2019	8 Weeks From the date of L/C Opening (LC 16.05.2019)	1707-2019
***Works GOB:**							
20	a) Construction of 7th storied Hospital Building	2021.53	2364.04	15-11-2003	07-06-2004	07-06-2006	26-11-2009
21	b) Cost of construction of vertical ascension (3 story) over 6th floor upto 9th Floor hospital bldg.	871.91	969.96	24-07-2007	10-12-2007	10-12-2008	21-04-2010

SL	Description of procurement	Tender/Bid/Proposal cost (in core taka)		Tender/Bid/Proposal		Date of completion of Works/services and supply of goods	
		As per RDPP	Contracted Value	Invitation date	Contract signing/ LC opening date	As per contract	Actual
22	Cost for 3 bos. Linear Accelerator room in Radio Therapy bloke	264.13	250.00	25-09-2005	20-02-2006	20-07-2006	30-04-2007
23	Construction of Canteen Kitchen and seminal Hall including equisetic Work in seminar hall	203.18	203.41	08-08-2005	17-11-2005	17-11-2006	22-09-2011
Works SFD							
24	Construction of vertical Extension of Middle Block over existing 4th floor to 7th floor with ancillary works.	402.62	402.62	24-04-2008	12-04-2009	9 Months From the date of fund reservation approved by SFD (res. Date; 19-08-2009)	30-06-2019
25	Construction of 300 person capacity Auditorium with ancillary works ancillary works.	387.77	387.77	24-04-2008	12-04-2009	12 Months From the date of fund reservation approved by SFD (res. Date; 19-	22-06-2017

SL	Description of procurement	Tender/Bid/Proposal cost (in core taka)		Tender/Bid/Proposal		Date of completion of Works/services and supply of goods	
		As per RDPP	Contracted Value	Invitation date	Contract signing/ LC opening date	As per contract	Actual
						08-2009)	
26	Construction of vertical Extension of 3 nos. Linear Accelerator rooms over existing grand floor to 7th floor with ancillary works.	1100.09	1100.09	20-10-2015	20-06-2016	19 Months From the date of fund reservation approved by SFD (res. Date; 19-12-2016)	30-06-2019
27	Construction of vertical Extension of north block Linear over existing grand floor to 7th floor with ancillary works.	748.34	748.34	20-09-2015	19-06-2016	15 Months From the date of fund reservation approved by SFD (res. Date; 19-12-2016)	30-06-2019
28	Construction of 9 Storied Lift & Stair Block Building attached to North and west Block with internal Sanitary & water supply arrangement, internal electrification and	658.00	658.00	13-11-2011	27-11-2011	18 Months From the date of fund reservation approved by SFD (res.	30-06-2019

SL	Description of procurement	Tender/Bid/Proposal cost (in core taka)		Tender/Bid/Proposal		Date of completion of Works/services and supply of goods	
		As per RDPP	Contracted Value	Invitation date	Contract signing/ LC opening date	As per contract	Actual
	ancillary works.					Date; 19-12-2016)	

৯. **প্রকল্পের সার্বিক অগ্রগতি**

অর্থ বছর	বরাদ্দ			মোট অর্থছাড়	ব্যয় এবং বাস্তব অগ্রগতি			
	মোট	জিওবি	পি এ		মোট	জিওবি	পি এ	বাস্তব(%)
১	২	৩	৪	৬	৭	৮	৯	১০
২০০৩-২০০৪	২০৬.০০	২০৬.০০	--	২০৬.০০	১২৫.১৮	১২৫.১৮	--	০.৫৮%
২০০৪-২০০৫	৩৫৫০.০০	৩৫৫০.০০	--	৩৫৫০.০০	৩৪২৮.১১	৩৪২৮.১১	--	১৫.৮১%
২০০৫-২০০৬	১০৫৮১.০০	১০৫৮১.০০	--	১০৫৮১.০০	৬১৭২.৪৩	৬১৭২.৪৩	--	২৮.৪৬ %
২০০৬-২০০৭	২৪৯১.০০	২৪৯১.০০	--	২৪৯১.০০	১৫৪০.৫৮	১৫৪০.৫৮	--	৭.১০%
২০০৭-২০০৮	১৩২৫.০০	১৩২৫.০০	--	১৩২৫.০০	১২৬৮.৩৫	১২৬৮.৩৫	--	৫.৮৫%
২০০৮-২০০৯	১৬৮২.৫০	১৬৮২.৫০	৫০০.০০	১৬৮২.৫০	৯০৯.৮৬	৮৭৯.৮৪	৩০.০২	৪.২০%
২০০৯-২০১০	১৮৬০.০০	১৮৬০.০০	৮০০.০০	১০৩৮.০০	১১১২.২৫	৯৬৬.৯২	১৪৫.৩৩	৫.১৩%
২০১০-২০১১	১৯০০.০০	১২০০.০০	৭০০.০০	১১৩৫.০০	১২৯৯.০২	৯৬২.৪৭	৩৩৬.৫৫	৫.৯৯%
২০১১-২০১২	১২৫৫.০০	৫৫৫.০০	৭০০.০০	৪৯০.০০	৬৮৫.১৪	৪৩৫.৯৮	২৪৯.১৬	৩.১৬%
২০১২-২০১৩	২৫০০.০০	৫০০.০০	২০০০.০	৯৭.০০	৩২০.৪২	৯৫.৮৪	২২৪.৫	১.৪৮%

অর্থ বছর	বরাদ্দ			মোট অর্থছাড়	ব্যয় এবং বাস্তব অগ্রগতি			
	মোট	জিওবি	পি এ		মোট	জিওবি	পি এ	বাস্তব(%)
			০				৮	
২০১৩-২০১৪	১৬০২.০০	১০২.০০	১৫০০.০০	১০২.০০	৩৫১.২০	৯৪.১৫	২৫৭.০৫	১৬২%
২০১৪-২০১৫	১৭৩৮.০০	২৩৮.০০	১৫০০.০০	১৪৫.০০	১০১.৪১	১০১.৪১	--	০.৪৬%
২০১৫-২০১৬	৭৫০.০০	২৫০.০০	৫০০.০০	২৫০.০০	২৬৬.৩১	২৩৭.০৫	২৯.২৬	১.২২%
২০১৬-২০১৭	১৮৭০.০০	৩৭০.০০	১৫০০০.০০	২৯১.০০	১৪৬৯.০৫	২০৮.২৯	১২৬০.৭৬	৬.৭৭%
২০১৭-২০১৮	১৩০১.০০	১০১.০০	১২০০.০০	৭৫.০০	৮৮৯.৮৬	৫৫.৪৮	৮৩৪.৩৮	৪.১০%
২০১৮-২০১৯	২৩৯৮.০০	৫০০.০০	১৮৯৮.০০	৫০০.০০	১৭৪৯.৩৮	৪১৯.৩৮	১৩৪৮.১৭	৮.০৭%
মোট	৩৭০০৯.৫০	২৪২১১.৫০	১২৭৯৮	২৩৪৫৮.০০	২১৬৮৮.৫৫	১৬৯৯১.৪৬	৪৭১৫.২৬	১০০%

১০। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবি	হইতে	পর্যন্ত
০১	Dr. Farhad Haleem Associate Professor. Radiotherapy, & Project Derector, UNICRH.	১৬-০৩-২০০৪	০৩-০৫-২০০৭
০২	Prof. Dr. AMM Shariful Alam Director cum Professor, Radiotherapy, NICRH & Project Derector, UNICRH.	০৩-০৫-২০০৭	০৮-০২-২০০৯
০৩	Professor Dr. Ahsan Shamim Associate prof. Radiation oncology, NICRH & Project Derector, UNICRH.	০৮-০২-২০০৯	৩১-১২-২০১৩
০৪	Prof. Dr. Sheikh Golam Mostofa Director cum Professor, Radiotherapy, NICRH & Project Derector, UNICRH.	৩১-১২-২০১৩	৩১-১২-২০১৪
০৫	Prof. Dr. Md. Moarraf Hossen Director cum Professor, Radiotherapy, NICRH & Project Derector, UNICRH.	৩১-১২-২০১৪	৩০-০৬-২০১৯

১১. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্যঃ

Internal Audit

Period of Audit	Date of submission of Audit Report	Major findings/ objections	Whether objections resolved or not.
1	**2**	**3**	**4**
Not Applicable			

External Audit:

Period of Audit	Date of submission of Audit Report	Major findings/ objections	Whether objections resolved or not.	
2003-2007	Submitted in due time	9 (PWD)	-	Out of 18 audit objections 6 already resolved. 12 audit objections are on process for resolved. (Broad Sheet Reply already Submitted to the audit authority by the FWD for resolved)
2007-2008	Submitted in due time	2 (PWD)	-	
2008-2009	Submitted in due time	--	-	
2009-2010	Submitted in due time	--	-	
2010-2011	Submitted in due time	--	-	
2011-2012	Submitted in due time	5 (PWD)	5	
2012-2013	Submitted in due time	1 (PWD)	1	
2013-2014	Submitted in due time	--	-	
2014-2015	Submitted in due time	--	-	
2015-2016	Submitted in due time	1 (PWD)	-	
2016-2017	Submitted in due time	--	-	
2017-2018	Submitted in due time	--	-	
2018-2019	Audit is not completed	--	-	
		18	6	

১২। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

প্রকল্প পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্যের প্রেক্ষিতে অর্জিত ফলাফল নিম্নরুপ:

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল	
১	অভ্যন্তরীন ও বহি:র্বিভাগ উভয় ক্ষেত্রে ক্যান্সার রোগীদের জন্য আধুনিক পদ্ধতিতে রোগ সনাক্তকরণ এবং চিকিৎসা সুবিধা স্থাপন করা;	১	পরিদর্শনকালে দেখা যায় অভ্যন্তরীন এবং বহির্বিভাগে ক্যান্সার রোগ সনাক্তকরণে এবং চিকিৎসা সুবিধা প্রদান করা হচ্ছে।
২	নার্স এবং প্যারামেডিকসদের জন্য বিশেষ প্রশিক্ষণ সুবিধা প্রদান করা;	২	পরিদর্শনে গিয়ে এবং সংশ্লিষ্টদের সাথে কথা বলে জানা যায় এখন পর্যন্ত নার্স এবং প্যারামেডিকসদের জন্য কোনো প্রশিক্ষণের সুবিধা নেই
৩	ডাক্তারদের জন্য স্নাতকোত্তর কোর্স এবং প্রশিক্ষণ সুবিধা প্রদান করা;	৩	ডাক্তারদের জন্য স্নাতকোত্তর কোর্স এবং প্রশিক্ষণ কোর্সের ব্যবস্থা করা হয়েছে
৪	টিউমার রেজিস্ট্রেশন ব্যবস্থা প্রবর্তন করা;	৪	টিউমার রেজিস্ট্রেশনের ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে
৫	"ইনফরমেশন, এডুকেশন এন্ড কম্যুনিকেশন(আইইসি)" কর্মসূচির মাধ্যমে ক্যান্সার প্রতিরোধ ও নিয়ন্ত্রনের জন্য সচেতনতা সৃষ্টি করা;	৫	ক্যান্সার দিবস ছাড়াও প্রতি সপ্তাহে দুইদিন হাসপাতালের অভ্যন্তরে ক্যান্সার প্রতিরোধ ও নিয়ন্ত্রনের জন্য সচেতনতা প্রোগ্রামের আয়োজন করা হয়।

১৩ উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে কারণ

১৩.১ প্রকল্পের ২ নং উদ্দেশ্যে নার্স ও প্যারামেডিকসদের প্রশিক্ষণের কথা বলা হয়েছে। কিন্তু পরিদর্শনে গিয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে কথা বলে জানা যায় এখানে নার্স ও প্যারামেডিকসদের প্রশিক্ষণ প্রদানের কোনো ব্যবস্থা নেই। এর কারণ জিজ্ঞাসা করলে ইনস্টিটিউটের পরিচালক জানান যে, প্রশিক্ষণ কক্ষ, ট্রেইনার এবং প্রশিক্ষণের পর্যাপ্ত সুবিধা না থাকায় নার্স এবং প্যারামেডিকসদের প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হচ্ছে না।

১৩.২ প্রকল্পের ৫ নং উদ্দেশ্যে ক্যান্সার বিষয়ে সচেতনতার বিষয়ে নিয়মিত সচেতনতামূলক প্রোগ্রামের আয়োজনের কথা বলা হয়েছে। পরিদর্শনে গিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে কথা বলে জানা যায় শুধুমাত্র ক্যান্সার দিবসে এই ইন্সটিটিউট দেশব্যাপী জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালন করে এবং সপ্তাহে দুই দিন হাসপাতালের অভ্যন্তরে রোগী এবং রোগীর আত্নীয়-স্বজনদের নিয়ে এই ধরনের প্রোগ্রামের আয়োজন করে। কিন্তু হাসপাতালের বাইরে সারাদেশ ব্যাপী নিয়মিতভিত্তিতে ক্যান্সার প্রতিরোধ ও নিয়ন্ত্রনের জন্য কোনো ধরনের জনসচেতনতামূলক প্রোগ্রাম আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয় না। সেই দৃষ্টিকোন থেকে প্রকল্পের ৫নং উদ্দেশ্যটি আংশিক অর্জিত হয়েছে মর্মে পরিদর্শনকারী কর্মকর্তার নিকট প্রতীয়মান হয়।

১৪ সার্বিক পর্যবেক্ষণ

১৪.১ পূর্ত কাজ সংক্রান্ত

প্রকল্পের অধীনে ৭ তলা বিশিষ্ট একটি হাসপাতাল ভবন নির্মাণ করা হয়েছে যা ২৬ নভেম্বর ২০০৯ সালে প্রকল্প কর্তৃপক্ষের নিকট গণপূর্ত বিভাগ হস্তান্তর করেছে। এছাড়াও প্রশাসনিক ভবন উপরে এবং পাশে বর্ধিত করে রেডিও থেরাপী এবং গবেষণা ব্লক স্থাপন করা হয়েছে। এছাড়াও ডাক্তারদের জন্য ১২৫০ স্কয়ারফিট এবং ১০০০ স্কয়ারফিট বিশিষ্ট কোয়ার্টার এবং ৮০০ স্কয়ার ফিট বিশিষ্ট স্টাফ কোয়ার্টার, ১০০ জন নার্সের বসবাস উপযোগী ডরমিটরী এবং চতুর্থ শ্রেণি কর্মচারীদের জন্য কোয়ার্টার নির্মাণ করা হয়েছে। হাসপাতাল, প্রশাসনিক ভবন এবং আবাসিক ভবন

ছাড়াও বিভিন্ন সচেতনতামূলক কর্মকান্ডের জন্য একটি সুবিশাল মিলনায়তন নির্মাণ করা হয়েছে। প্রকল্পের একটি মুখ্য উদ্দেশ্য হিসেবে প্রশিক্ষণ, স্নাতকোত্তর কোর্স থাকলেও কোনো একাডেমিক ভবন নির্মাণ করা হয় নি। এমনকি প্রশিক্ষণ এবং স্নাতকোত্তর কোর্সের ক্লাসের জন্য আধুনিক কোনো শ্রেণিকক্ষ এই প্রকল্পের অধীণে নির্মাণ করা হয় নি।।

১৪.২ যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম ক্রয় সংক্রান্ত

প্রকল্পের অধীনে ৩০০ শয্যা বিশিষ্ট ক্যান্সার হাসপাতালে চিকিৎসা সেবা প্রদানের জন্য এমআরআই মেশিন, সিটি স্ক্যান, লিনিয়ার এক্সেলেটর, এনেস্থেশিয়া মেশিন, এক্সরে মেশিন, রেডিও থেরাপি সহ বিভিন্ন যন্ত্রপাতি কেনা হয়েছে। পরিদর্শনে গিয়ে কিছু কিছু মেশিন নষ্ট অবস্থায় পাওয়া যায়। জিজ্ঞাসার জবাবে প্রকল্প পরিচালক জানান এই মেশিন প্রায় ১০ বছরের অধিককাল আগে ক্রয় করা হয়েছে এবং এগুলোর মেয়াদকাল শেষ হয়ে গিয়েছে। ২৭ এপ্রিল ২০২২ তারিখে স্বাস্থ্য সেবা বিভাগের সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখার ৪৫.০০.০০০০.১৬০.০৯৫.০০১.২২-১২০ নং স্মারকে পরিত্যাক্ত ঘোষনা করা হয়েছে।

১৪.৩ প্রশিক্ষণ সংক্রান্ত

প্রকল্পের অধীনে ডাঃ মোহাম্মদ সালেহ উদ্দীন সাইদ, সহকারী অধ্যাপক, ইংল্যান্ডের Doncaster Royal Infirmary Hospital হাসপাতালে Nasal Endoscopy এর উপর ০১-১৫ মার্চ ২০০৬ সাল পর্যন্ত ১৬ দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া নার্স এবং প্যারামেডিকসদের নিয়মিত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থার কথা বলা হলেও ইন্সটিটিউট-এ নার্স এবং প্যারামেডিকসদের প্রশিক্ষণ প্রদান করা হয় না।

১৪.৪ স্নাতকোত্তর কোর্স এবং লাইব্রেরী সুবিধা সংক্রান্ত

জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট-এ প্রতি বছর তিনটি কোর্সে ৬ জন করে শিক্ষার্থী স্নাতকোত্তর কোর্সে ভর্তি হবার সুযোগ পায়। সরেজমিনে গিয়ে দেখা যায় প্রতিষ্ঠানটিতে আধুনিক সুবিধাসম্পন্ন শ্রেণিকক্ষের অভাব রয়েছে। অধ্যয়নরত কয়েকজন শিক্ষার্থীর সাথে কথা বলে জানা যায় লাইব্রেরীতে পর্যাপ্ত গবেষণাপত্র নেই। শিক্ষার্থীরা লাইব্রেরীতে দেশ-বিদেশের বিভিন্ন গবেষণাপত্রসহ সংশ্লিষ্ট অন্যান্য বই সংরক্ষণ করার জন্য কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানান।

১৪.৫ যানবাহন সংক্রান্ত

প্রকল্পের অধীনে দুইটি এম্বুলেন্স এবং একটি মাইক্রোবাস কেনা হয়েছে। এম্বুলেন্স দুটি বর্তমানে রোগী পরিবহনের কাজে ব্যবহৃত হচ্ছে কিন্তু মাইক্রোবাস অকেজো অবস্থায় রয়েছে।

১৪.৬ অডিট সংক্রান্ত

২০০৩-০৪ অর্থবছর হতে ২০১৭-১৮ অর্থবছর পর্যন্ত মোট ১৮ টি অডিট আপত্তির মধ্যে ৬ টি নিষ্পত্তি করা হয়েছে। ১২টি আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরের অডিট কার্যক্রম এখনও সম্পাদন করা হয় নি।

১৪.৭ Financial & Economical Analysis

প্রকল্পের ডিপিপি এবং পিসিআরে উল্লেখ রয়েছে প্রকল্পটি সাধারণ ক্যান্সার রোগীদের চিকিৎসা, রোগ নির্ণয় এবং প্রতিরোধ সংক্রান্ত সেবামূলক কাজের সাথে সম্পৃক্ত বিধায় এই প্রকল্পের ক্ষেত্রে গাণিতিক উপায়ে আর্থিক এবং অর্থনৈতিক সুবিধা নির্ণয় করা সম্ভব নয় তবে হাসপাতালটি প্রতিষ্ঠার পর থেকে তাঁর ধারনক্ষমতার বেশী রোগীদের সেবা দিয়ে আসছে। সর্বশেষ প্রাপ্ত তথ্য থেকে দেখা যায় মার্চ ২০২২ মাসে ২৫১৬ জন রোগীর মোট ৮০৫৫ ধরনের সেবা দিয়েছে। প্রকল্প বাস্তবায়নের পর হাসপাতালটির রোগীর ধারনক্ষমতা ৬ গুন হয়েছে। বর্তমানে এই হাসপাতাল থেকে প্রতিদিন প্রায় ৫৫০ জন রোগী রেডিওথেরাপী এবং ২৭৫ জন রোগী কেমোথেরাপী সেবা গ্রহণ করছে। এছাড়াও সার্জিক্যাল, প্যাথোলজীক্যাল, রেডিওলজিক্যাল সেবাগ্রহীতার সংখ্যা প্রতিদিনই বাড়ছে।

প্রকল্পটি বাস্তবায়নের পর এখানে প্রায় ১১৭৪ জনের নতুন কাজের সুযোগ তৈরি হয়েছে। এছাড়াও এই ইন্সটিটিউটে এমডি কোর্স চালু হওয়ায় প্রতিবছর ১৮ জন করে দক্ষ এবং প্রশিক্ষিত ডাক্তার বাংলাদেশের কর্মশক্তিতে যোগ দিচ্ছে।

১৪.৮ প্রকল্পের ব্যয় বৃদ্ধি এবং মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত:

মূল ডিপিপি জুলাই ২০০৩ থেকে জুন ২০০৬ ইং তারিখে অনুমোদিত হয়েছে। পরবর্তীতে ৭ বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়।

সংশোধনী	আরম্ভ	সমাপ্তি
১ম সংশোধনী	জুলাই, ২০০৩	জুন ২০০৬
২য় সংশোধনী	জুলাই, ২০০৩	জুন ২০০৮
৩য় সংশোধনী	জুলাই ২০০৩	জুন ২০১০
৪র্থ সংশোধনী	জুলাই, ২০০৩	জুন, ২০১৩
৫ম সংশোধনী	জুলাই, ২০০৩	জুন, ২০১৫
৬ষ্ঠ সংশোধনী	জুলাই, ২০০৩	ডিসেম্বর, ২০১৭
৭ম সংশোধনী	জুলাই, ২০০৩	জুন, ২০১৯

সর্বশেষ সংশোধনীতে মেয়াদ বৃদ্ধির যৌক্তিকতা হিসেবে বলা হয় প্রকল্পটি জিওবি খাতে ৬৪% এবং ৩৬% সৌদি সরকারে অনুদানে বাস্তবায়ন হয়েছে ৩০ সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত জিওবি খাতে খরচ হয়েছে মোট ১৬৬৬.৩.৭১ লক্ষ টাকা যা জিওবি খাতে সংস্থানের ৮৭% এবং এ খাতে অবশিষ্ট রয়েছে ২৪০৩.৮৯ লক্ষ টাকা (১৩%) এবং এসএফডি খাতে খরচ হয়েছে ৩৪৪৯.৭৭ লক্ষ টাকা যা উক্ত খাতের সংস্থানের মাত্র ৩২% ফলে সৌদি অনুদানের সিংহভাগ (৬৮%) অর্থ যার পরিমাণ ৭০৩৪.৯৩ লক্ষ টাকা অবশিষ্ট রয়েছে। মূলত: সৌদি সরকার হতে অনুদান প্রাপ্তিতে দীর্ঘ বিলম্বের কারণেই প্রকল্পের বাস্তবায়নে দীর্ঘ সময় যাবৎ বিলম্বিত হয়েছে। এসএসডি খাতের অর্থ দ্বারা পিডব্লিউডি এর তত্ত্বাবধানে পরিচালিত নির্মাণ কাজের বরাদ্দ অনুমোদিত ডিপিপি (২য় সংশোধিত) অনুযায়ী ৪৩৫১.২০ লক্ষ টাকা।

প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছিল ১২০৩০.৬৫ লক্ষ টাকা যা পরবর্তীতে সংশোধিত হয়েছে ২৯৫৫২.৩০ লক্ষ টাকা যার মধ্যে জিওবি ১৯০৬৭.৬০ লক্ষ টাকা এবং সৌদী ফান্ড ফর ডেভেলপমেন্ট ১০৪৮৪.৭৪ লক্ষ টাকা। প্রকল্প দপ্তর থেকে প্রাপ্ত তথ্য থেকে দেখা যায়, প্রকল্প শেষে খরচ হয়েছে ২১৭৮০.১৮ লক্ষ টাকা অর্থ্যাৎ Cost Over Run হয়েছে ৯৭৪৯.৫৩ লক্ষ টাকা (৮১.০৩%)।

অপরদিকে প্রকল্পটি জুলাই ২০০৩ হতে জুন ২০০৬ পর্যন্ত মেয়াদে (৩৫ মাস) অনুমোদিতে হলেও সর্বশেষ সংশোধনীতে বাস্তবায়নকাল জুলাই ২০০৩ হতে জুন ২০১৯ (১৯২ মাস) করা হয়। মূল ডিপিপির তুলনায় Time Over Run হয়েছে ১৫৭ মাস অর্থ্যাৎ ৪৪৫% ।

১৪.৯ প্রকল্পের অর্থায়ন/বরাদ্দ/ছাড়/ব্যয় সংক্রান্ত

২০০৩-০৪ অর্থ বছরে শুরু হওয়া প্রকল্পটিতে ২০৬ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিলো যার মধ্যে ১২৫.১৮ লক্ষ টাকা (৬১%) উক্ত অর্থবছরে খরচ হয়েছিলো উক্ত অর্থবছরে প্রকল্পটির ভৌত অগ্রগতি হয়েছিলো ০.৫৮%। এরপর ধারাবাহিকভাবে ২০০৭-০৮ অর্থবছর পর্যন্ত অর্থবরাদ্দ এবং সমপরিমাণ অর্থছাড় প্রদান করা হলেও প্রকল্প কর্তৃপক্ষ ছাড়কৃত সকল অর্থ ব্যয় করতে পারে নি। ২০০৮-০৯ অর্থ বছরে সৌদী ফান্ড ফর ডেভেলপমেন্টের(এসডিএফ) এর পক্ষ থেকে অর্থবরাদ্দ শুরু হয়। উক্ত অর্থবছরে ৫০০ লক্ষ টাকা ছাড় করা হয়। কিন্ত খরচ হয়েছে মাত্র ৩০.০২ লক্ষ টাকা (৬%)। ২০১৮-১৯ অর্থবছর অর্থ্যাৎ প্রকল্প সমাপ্তির পর এসডিএফ এর পক্ষ থেকে অর্থ ব্যয় হয়েছে ৪৬৯৭.০৯ লক্ষ টাকা।

১৪.১০ ভুমি অধিগ্রহণ সংক্রান্ত

প্রকল্পটির আওতায় ৪.১৬ একর জমিতে সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে। উক্ত জমিটি ইনস্টিটিউট পূর্বে অধিগ্রহণকৃত হওয়ায় প্রকল্পটি বাস্তবায়নের জন্য নতুন করে কোনো ধরনের জমি অধিগ্রহণের প্রয়োজন হয় নি।

১৫ পরিদর্শন চিত্র



চিত্র-১ প্রকল্পের যন্ত্রপাতি পরিদর্শন



চিত্র-২ হাসপাতালের সাধারণ ওয়ার্ড পরিদর্শন



চিত্র-৩ প্রকল্পের আওতায় নির্মিত অডিটরিয়াম পরিদর্শন



চিত্র-৪ হাসপাতালের ডে ওয়ার্ড পরিদর্শন



চিত্র-৫ প্রকল্পের যন্ত্রপাতি পরিদর্শন



চিত্র-৬ বেডের অভাবে হাসপাতালের বাইরে রোগীর অবস্থান

১৬ সুপারিশ

১৬.১ প্রতিবছর ক্যান্সার রোগীর চাপ বাড়ছে। বাড়তি ক্যান্সার রোগীর চাপ সামলাতে হাসপাতালটির শয্যা সংখ্যা বাড়ানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। পাশাপাশি বিভাগীয় শহর গুলোতে "জাতীয় ক্যান্সার ইন্সটিটিউট" এর আদলে ক্যান্সার চিকিৎসা প্রতিষ্ঠান স্থাপন করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

১৬.২ রেডিও থেরাপি সংক্রান্ত যন্ত্রপাতিসমূহ উচ্চ বিকিরণযুক্ত হওয়ায় ভবিষ্যতে এরূপ সংক্রান্ত যন্ত্রপাতি সংশ্লিষ্ট ভবনের বেসমেন্টে স্থাপন করার বিষয় বিবেচনা করা যায় কিনা খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

১৬.৩ প্রকল্পের মূল উদ্দেশ্য অর্জনে নার্স এবং প্যারামেডিকসদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ব্যবস্থা করতে হবে।

১৬.৪ একাডেমিক কোর্সগুলোতে আসন সংখ্যা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

১৬.৫ সুষ্ঠুভাবে একাডেমিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সুপরিসর অতিরিক্ত কিছু শ্রেণি কক্ষের ব্যবস্থা করতে হবে।

১৬.৬ ইন্সটিটিউটটির লাইব্রেরীতে দেশী-বিদেশী জার্নাল, গবেষণাপত্র এবং সংশ্লিষ্ট অন্যান্য বই নিয়মিতভাবে সংরক্ষণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে ।

১৬.৭ উপর্যুক্ত পর্যবেক্ষণ এবং সুপারিশের প্রতিপালন প্রতিবেদন আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডি-তে প্রেরণ নিশ্চিত করতে হবে।

এ্যাষ্টাবলিশমেন্ট অব ন্যাশনাল ইন্সটিটিউট অব এডভান্সড প্র্যাকটিস নার্সেস ইন বাংলাদেশ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৯)

১। প্রকল্পের নাম : এ্যাষ্টাবলিশমেন্ট অব ন্যাশনাল ইন্সটিটিউট অব এডভান্সড প্র্যাকটিস নার্সেস ইন বাংলাদেশ।

২। প্রকল্পের অবস্থান : মুগদা, ঢাকা।

৩। বাস্তবায়নকারী সংস্থা : নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/স্বাস্থ্য সেবা বিভাগ।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় (লক্ষ টাকায়):

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১২৮০০.০০	১২৮০০.০০	১১৪১৫.৯৫	০১ জানুয়ারি, ২০১৪- ৩০ জুন,২০১৮	০১ জানুয়ারি, ২০১৪- ৩০ জুন,২০১৯	০১ জানুয়ারি, ২০১৪- ৩০ জুন,২০১৯	**-১৩৮৪.০৫** (-১১%)	১.০ বছর (২২%)

৬। প্রকল্পের অর্থায়ন: জিওবি: ১৫১৬.০০ (১২%), প্রকল্প সাহায্য: ১১২৮৪.০০(৮৮%) (KOICA)

৭।প্রকল্পের অংগ ভিত্তিক বাস্তবায়ন (প্রাপ্ত পিসিআর-এর ভিত্তিতে) (লক্ষ টাকায়):

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		প্রকৃত ব্যয় হ্রাস/বৃদ্ধি (-/+)'র কারণ
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)	(১৬)
	(ক) রাজস্ব ব্যয়:						
১	কর্মকর্তাদের বেতন		৩	২৬.৫৫	২	১.৯	(-২৪.৬৫) প্রকল্প পরিচালক অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা ২০১৭-১৮ অর্থবছরে এ কোড থেকে বেতন নিলেও ২০১৮-১৯ অর্থবছরে সাকুল্য মজুরি থেকে বেতন নেয়।
২	কর্মচারীদের বেতন		৪	১১.০০	৩	১.২	(-৯.৮) ২০১৭-১৮ অর্থবছরে এ কোড থেকে অফিস সহকারী বেতন নেয়, ৩০ জুন, ২০১৮ তিনি প্রকল্প থেকে চলে যান।
৩	ভাতাদি		-	৩৩.২০	-	০.৩	(-৩২.৯) ২০১৭-১৮ অর্থবছরে এ কোড থেকে সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, অফিস সহকারী নববর্ষ ও উৎসব ভাতা গ্রহণ করেন। পরবর্তীতে সাকুল্য থেকে তা গ্রহণ করা হয়।
	সরবরাহ সেবা		-		-		-
৪	কন্টিনজেন্ট স্টাফ		-	১০.০০	-	৮.০০	(-২.০) কোইকা এ কোড থেকে অর্থ ব্যয় করেছে।
৫	অফিস ভাড়া		-	০.০৫	-	০	(-০.০৫) প্রকল্প অফিস নিয়ানার, মুগদায় ছিল তাই অফিস ভাড়ার প্রয়োজন হয়নি।

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		প্রকৃত ব্যয় হ্রাস/বৃদ্ধি (-/+)'র কারণ
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)	(১৬)
৬	টেলিফোন		-	৪.০০	-	০.১	(-৩.৯) ০১ টি বিটিসিএল এর টেলিফোন সংযোগ ছিল।
৭	পানি		-	১৮.০০	-	১১.০৩	(-৬.৯৭) পানির বিল অনুযায়ী।
৮	বিদ্যুৎ		-	৪৮.৬৫	-	৪১.৪১	(-৭.২৪)বিদ্যুৎ বিল অনুযায়ী।
৯	গ্যাস ও ফুয়েল		-	১০.৫০	-	৫.০৪	(-৫.৪৬) নিয়ানার এ কোন গ্যাস সংযোগ এর ব্যবস্থা ছিল না; ছাত্র ছাত্রীদের দুপুর ও রাতের খাবার এর উপর ভিত্তি করে প্রয়োজনীয় সিলিন্ডার গ্যাস ক্রয় করা হত।
১০	পেট্রোল ও তৈল		-	১০.০০	-	১.১৮	(-৮.৮২) ০১ টি মাইক্রোবাস ২০১৭-১৮ অর্থবছরে ক্রয় করা হয় যা নিয়ানার এর ছাত্র ছাত্রীদের প্র্যাক্টিকাল ক্লাসে আনা নেওয়ার জন্য ব্যবহৃত হত।
১১	মুদ্রন ও বাঁধাই		-	২.০০	-	০.২৪	(-১.৭৬) নিয়ানার এ প্রিন্টার ও ফটোকপি মেশিন থাকার কারণে মুদ্রণ নেই
১২	ষ্টেশনারী, সীল ও ষ্ট্যাম্প		-	১৮.০০	-	২.০১	(-১৫.৯৯) স্টেশনারী বেশি ক্রয় করা হয়নি।
১৩	বই ও সমসাময়িকী		-	৮৮.০০	-	৮০.১	(-৭.৯০) কোইকা এ কোড থেকে অর্থ ব্যয় করেছে।
১৪	অডিও/ভিডিও		-	১০.০০	-	০	(-১০.০০) কোইকা অডিটরিয়াম এর জন্য সব ক্রয় করে সেট করেছে, তাই কিছু ক্রয়ের প্রয়োজন হয়নি।
১৫	ট্রেনিং ও ফেলোশিপ		-	১৭৬৪.০০	-	১৫০০.৩১	(-২৬৩.৬৯) কোইকা এ কোড থেকে অর্থ ব্যয় করেছে।
১৬	সেমিনার/ কনফারেন্স		-	৮০.০০	-	৭৪.২৩	(-৫.৭৭) জিওবি থেকে ০২ টি আন্তর্জাতিক নার্সিং কনফারেন্স এর ব্যবস্থা করে এবং কোইকা এ কোড থেকে অর্থ ব্যয় করেছে।
১৭	যাতায়াত খরচ		-	৬.১৯	-	৫.০৪	(-১.১৫) জিওবি থেকে কাস্টমস থেকে মালামাল আনা বাবদ খরচ ব্যয় করা হয়েছে এবং কোইকা এ কোড থেকে অর্থ ব্যয় করেছে।
১৮	মজুরি		-	৬৩.০০	-	৫৩.২২	(-৯.৭৮) দৈনিক মজুরি, আউটসোর্সিং এ নিয়োগদের বেতন, ভাতা এবং সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তার বেতন, ভাতা এ কোড থেকে ব্যয় করা হয়।
১৯	টেকনিক্যাল এ্যাসিস্টেন্স		-	১৮১৭.০০	-	১৮০৭.৫	(-৯.৫) কোইকা এ কোড থেকে অর্থ ব্যয় করেছে।
২০	সম্মানী			১০.৭০		৪.৪৬	(-৬.২৪) স্টিয়ারিং মিটিং, পি আই সিমিটিংএবং সহকারী হিসাবরক্ষণ

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		প্রকৃত ব্যয় হ্রাস/বৃদ্ধি (-/+)'র কারণ
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)	(১৬)
							কর্মকর্তা, অফিস সহকারী নিয়োগ এর সম্মানী এ কোড থেকে ব্যয় করা হয়।
২১	কম্পিউটার যন্ত্রাংশ			৫.০০		২.০০	(-৩.০) প্রিন্টার, ফটোকপিয়ার এর টোনার এ কোড থেকে ব্যয় করা হয়।
২২	অন্যান্য ব্যয়			৫৭.৫৬		৫৭.৫৬	-
২৩	কমিশন			০.৮০		০.৬৫	(-০.১৫) কোরিয়া থেকে মালামাল ছাড়করনের জন্য সিএন্ডএফ এর কমিশন এ কোড থেকে ব্যয় করা হয়।
২৪	ইন্টারনেট			২.৮০		২.৫২	(-০.২৮) ইন্টারনেট বিল এ কোড থেকে ব্যয় করা হয়।
২৫	বিজ্ঞাপন ব্যয়			১.০০		০	(-১.০০) কোন বিজ্ঞাপন দেওয়া হয়নি তাই ব্যয় করা হয়নি।
২৬	আপ্যায়ন ব্যয়			৩.০০		০.৫	(-২.৫) বিভিন্ন মিটিং এর আপ্যায়ন বাবদ ব্যয় করা হয়।
২৭	পরিস্কার ও পরিচ্ছন্নতা			১.৫০		০.৬	(-০.৯) বর্জ্য ব্যবস্থাপনা বাবদ ব্যয় করা হয়।
২৮	লাইন ও তার			১.০০		০.১৫	(-০.৮৫) শুধুমাত্র পিএবিএক্স লাইন সংযোগের জন্য ব্যভার করা হয়।
২৯	রেজিস্ট্রেশন ফি			৩.৫০		১.৩১	(-২.১৯) ক্রয়কৃত নতুন মাইক্রোবাস এর ০১ বার রেজিস্ট্রেশন ফি বাবদ ব্যয় করা হয়।
৩০	অন্যান্য মনিহারী			১১.০০		১.৭১	(-৯.২৯) অন্যান্য মনিহারী বেশি ক্রয় করা হয়নি।
	মেরামত ও রক্ষনাবেক্ষন						
৩১	যানবাহন রক্ষনাবেক্ষন			২.০০		০.৫	(-১.৫) ক্রয়কৃত নতুন মাইক্রোবাস এর ১ম বার বিভিন্ন যন্ত্রাংশ স্থাপনের জন্য এ কোড থেকে অর্থ ব্যয় করা হয়।
৩২	কম্পিউটাররক্ষনা বেক্ষন			৫.০০		০.৪৭	(-৪.৫৩) কোইকা কর্তৃক নতুন কম্পিউটার তাই বেশি সার্ভিসিং এর প্রয়োজন হয়নি।
৩৩	যন্ত্রপাতি রক্ষনাবেক্ষন			৫.০০		০.৯৯	(-৪.০১) কোইকা কর্তৃক নতুন যন্ত্রপাতি তাই বেশি সার্ভিসিং এর প্রয়োজন হয়নি।
	উপ-মোট (ক):			৪১৩০.০০		৩৬৬৬.২৭	(-৪৬৩.৭৩)
	(খ) মূলধন ব্যয়:						
৩৪	যানবাহন (মাইক্রোবাস-	সংখ্যা	২	১০০.০০	১	৪২.০০	(-৫৮.০০) ডিপিপি তে বরাদ্দ থাকা ০২ টি যানবাহন এর মধ্যে ০১ টি মাইক্রোবাস

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		প্রকৃত ব্যয় হ্রাস/বৃদ্ধি (-/+)'র কারণ
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)	(১৬)
	১টি)						ক্রয় করা হয়, ড্রাইভার ০১ জন ছিলেন তাই ০১ টি মিনিবাস ক্রয় করা হয়নি।
৩৫	কম্পিউটার		-	১৩৪.৬৭	-	১৩৪.৯৯	(+০.৩২) ২০১৮-১৯ অর্থবছরে এ কোড থেকে সিডি ভ্যাট প্রাদান করা হয়। কোইকা কর্তৃক সকল কম্পিউটার ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয় করা হয় তাই তারা বেশি অর্থ ব্যয় করেছে।
৩৬	যন্ত্রপাতি		-	১৮০৩.৪৯	-	১১৩৪.০৫	(-৬৬৯.৪৪) কোইকা কর্তৃক সকল যন্ত্রপাতি ক্রয় করা হয়।
৩৭	আসবাবপত্র		-	৩৬৯.৫০	-	৩৫৮.৭৮	(-১০.৭২) কোইকা কর্তৃক সকল যন্ত্রপাতি ক্রয় করা হয়।
৩৮	সিডি ভ্যাট			১০০০.০০		৩৫৮.৩৪	(-৬৪১.৬৬) কোরিয়া থেকে পাঠানো মালামাল এর উপর ভিত্তি করে সিডি ভ্যাট প্রদান করা হয়।
৩৯	নির্মাণ ও পূর্ত	একর		৫৯০৪.০০		৫৭২১.৫৬	(-১৮২.৪৪) কোইকা কর্তৃক এ অর্থ ব্যয় করা হয়।
	উপ-মোট (খ):			৮৬৭০.০০		৭৭৪৯.৬৮	(-৯২০.৩২)
	মোট (ক+খ):			১২৮০০.০০		১১৪১৫.৯৫	(-১৩৮৪.০৫)

তথ্যসূত্র: পিসিআর ও প্রকল্প অফিসের তথ্য অনুযায়ী

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রাপ্ত পিসিআর অনুযায়ী পরিকল্পিত লক্ষ্য মাত্রার বিপরীতে কোন কাজ অসমাপ্ত নেই।

৯। সাধারণ পর্যবেক্ষণ:

৯.১ প্রকল্পের পটভূমি:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১৫ সালের মধ্যে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য মাত্রাসহ স্বাস্থ্য খাতের লক্ষ্য লক্ষ্যে জাতীয় উন্নয়ন পরিকল্পনা এবং দারিদ্র্য নিরসন কৌশল প্রণয়ন করেছে। লক্ষ্য মাত্রায় পৌঁছানোর সাথে সরাসরি জড়িত হল নার্সিং শিক্ষা ও সেবাকে জোরদার করা যা মাতৃনৈতিকতা হ্রাসসহ শিশুদের স্বাস্থ্যের উন্নতি এবং এইচআইভি, ম্যালেরিয়া এবং অন্যান্য রোগের বিরুদ্ধে লড়াই করে চরমদারিদ্র্য ও ক্ষুধানিরসনের লক্ষ্যে কাজ করবে। স্বাস্থ্য পুষ্টি ও জনসংখ্যা খাত প্রোগ্রাম (এইচপিএনএসপি) তাদের পরিকল্পনায় বর্ণিত অনেকগুলি কার্যক্রম বাস্তবায়ন ও পরিচালনা করতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরকে (ডিজিএনএম) সমর্থন করে। গুণগতমানের নার্সিং এবং মিডওয়াইফারি শিক্ষা কার্যক্রমের উন্নয়ন ও বাস্তবায়নের উপর বিশেষ জোর দিয়ে গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলির মধ্যে স্বাস্থ্যের জন্য মানব সম্পদ অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে বাংলাদেশে নার্সদের ঘাটতি মেটানোর জন্য এইচপিএনএসপির বাইরে আর ও সংস্থান প্রয়োজন। দেশে নার্সদের জন্য উচ্চ শিক্ষার ব্যবস্থা করার লক্ষ্যে KOICA এর আর্থিক ও কারিগরি সহায়তায় বিবেচ্য প্রকল্পটি জানুয়ারি ২০১৪ হতে জুন ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৮/০৪/২০১৪ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তিতে প্রকল্পের প্রয়োজনে কিছু নতুন যন্ত্রপাতি ডিপিপি-তে অন্তর্ভুক্তি এবং KOICA কর্তৃক ক্রয়ের জন্য নির্ধারিত পন্যের সিডি/ভ্যাট এর সংস্থানের নিমিত্ত ২১/০৩/২০১৭ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির সুপারিশের প্রেক্ষিতেস্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে ১৪/০৬/২০১৭ তারিখে প্রকল্পের ১ম সংশোধনের বিষয়ে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়।

৯.২ প্রকল্পের উদ্দেশ্য:

ক) বাংলাদেশে নার্স শিক্ষকদের শিক্ষকতার দক্ষতা বৃদ্ধির নিমিত্তে জাতীয় মাষ্টার ডিগ্রী অব নার্সিং ইনস্টিটিউট স্থাপনের মাধ্যমে জাতীয় পর্যায়ে বাংলাদেশে সরকার কর্তৃক গৃহিত পদক্ষেপ বাস্তবায়নে সহায়তা করা;

খ) উচ্চ শিক্ষিত নার্স তৈরির মাধ্যমে স্বাস্থ সেবার গুণগত মান বৃদ্ধি করা;

গ) কোরিয়ান নার্সিং শিক্ষা ব্যবস্থার উন্নয়নের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে দেশে শিক্ষা ব্যবস্থার মান উন্নত করা; এবং

ঘ) নেতৃত্ব, পরিচালনা ও প্রশাসনসহ বিশেষ ক্ষেত্রগুলিতে নার্সের সক্ষমতা বৃদ্ধিতে অবদান রাখা।

৯.৩ প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রম:

- ০৭ তলা বিশিষ্ট একটি একাডেমিক ভবন নির্মাণ।
- ০৭ তলা বিশিষ্ট একটি হোস্টেল ভবন নির্মাণ।
- ৪০২ আসন বিশিষ্ট অডিটরিয়াম নির্মাণ।
- যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়।
- ০১ টিমিনিবাস ও ০১ টি মাইক্রোবাস ক্রয় করা।
- Faculty Capacity Building Trainingও Managerial Training প্রদান।
- Masters of Science in Nursing (MSN)কোর্সের কারিকুলাম তৈরি ও কোর্সটি চালু করা।
- ০৩ জন নার্সিং কর্মকর্তাকে পিএইচডি কোর্স প্রদান।
- টিচার্স ট্রেনিং সেন্টার, রিসার্চ সেন্টার, সিমুলেশন সেন্টার এবং কমিউনিটি সেন্টার স্থাপন করা এবং কার্যক্রম চালু করা।

১০। মাঠ পর্যায়ে পরিদর্শনে প্রাপ্ত তথ্যঃ গত ২৪/১০/২০১৯ তারিখে প্রকল্পটির আওতায় সম্পাদিত কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও নিয়েনার-এর কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য ও পর্যবেক্ষন নিম্নরূপ:

ক) নির্মাণ কাজ: প্রকল্পের আওতায় ১০ তলা ভিতে ১টি ০৭ তলা বিশিষ্ট একাডেমিক ভবন এবং ১টি ১১তলা ভিতে ০৭ তলা বিশিষ্ট হোস্টেল ভবন নির্মানের বিষয় অন্তর্ভুক্ত ছিল। কিন্তু উভয় ক্ষেত্রেই ৭তলা ভিত বিশিষ্ট ভবন নির্মাণ করা হয়েছে। ফলে প্রকল্পের আওতায় ভবন নির্মানের Scope হ্রাস পেয়েছে। এটি পরিকল্পনা শৃঙ্খলার ব্যত্যয়। উন্নয়ন সহযোগী KOICA প্রকল্প কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া এ ধরণের পরিবর্তন করেছে বলে প্রকল্প পরিচালক জানান। নির্মাণ কাজ পর্যালোচনার জন্য স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) কর্তৃক গঠিত যৌথ কমিটির স্মারক নং-এইচইডি /KOICA/পরিদর্শন- ১৩৫০/২০১৭/১৭২৩, তারিখ: ০৭/০৮/২০১৭ -এর পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, KOICA কর্তৃক নিযোগকৃত ঠিকাদার ও পরামর্শক প্রতিষ্ঠানয থাক্রমে Young Dong Construction Co. Ltd, Heerim Architects & Planners Co. Ltd. ও Topec Engineering Co. Ltd. নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট। বর্ণিত ভবন দু'টির Structural Design এ বাংলাদেশ সরকারের কোন উপযুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে Vetting করা হয়নি। In situ Cast Pile সম্পন্ন করার পর Load Test করার পর জানা যায় যে, ভবন দু'টি ১০ ও ১১ তলা পর্যন্ত করার জন্য উপযুক্ত নয়। ত্রুটি দুর করতে HeliclPile ব্যবহার করে সংশোধনের চেষ্টা করা হলেও কোন ফল পাওয়া যায় নি। এ ধরণের অনিয়ম সংঘটনের কারণে দু'টি ভবনের উর্দ্ধমূখী সম্প্রসারণ করারসুযোগ নষ্ট হয়েছে। কর্তব্য অবহেলার জন্য উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ দ্বারা সরকারের যে ক্ষতি সংঘটিত হয়েছে সে বিষয়ে ঠিকাদার ও পরামর্শক নিয়োগকারী উন্নয়ন সহযোগী KOICA এর মাধ্যমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে কুটনৈতিক শৃঙ্খলা অনুসরণে ব্যবস্তা গ্রহণ করা যেতে পারে। বিভিন্ন নির্মাণ কাজে আর ও কিছু অনিয়ম সংঘঠনের বিষয় উক্ত প্রতিবেদনে উল্লেখ রয়েছে। সামগ্রিক বিষয় পরীক্ষা করে সম্ভাব্য ত্রুটি সংশোধনের ব্যবস্থা চলমান রয়েছে বলে জানা যায়।

এছাড়াও প্রকল্পে আওতায় ৪০২ আসন বিশিষ্ট ১টি অডিটরিয়ামসহ অন্যান্য সিভিল কার্য ও ইলেকট্রিক্যাল কার্যসম্পাদন করা হয়েছে। উল্লেখ্য, অনেক ক্ষেত্রেই আধুনিক নির্মাণ সামগ্রী ব্যবহার করে প্রকল্পটির বাস্তবায়ন করা হয়েছে বলে পরিদর্শনকালে জানান হয়।

খ) যন্ত্রপাতি ও আসবাব পত্র ক্রয় সংক্রান্ত তথ্যাদি: প্রকল্প সাহায্যের আওতায় KOICA কর্তৃক দঃ কোরিয়া থেকে

যন্ত্রপাতি ও আসবাবপত্র সংগ্রহ করা হয়েছে। সকল যন্ত্রপাতি ও আসবাবপত্র অত্যন্ত আধুনিক ও উন্নতমানের বলে উপস্থিত সকলে মত প্রকাশ করেন।

গ) প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি: KOICA কর্তৃক দঃ কোরিয়ায় এবং দেশে কোরিয় বিশেষজ্ঞের প্রত্যক্ষ ও পরোক্ষ তত্বাবধিনে সকল প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় নির্মিত প্রতিষ্ঠান হতে দু'টি ব্যাচের স্নাতোকোত্তর পর্যায়ের (এমএসসি) কোর্স সম্প ন্নহয়েছে। দু'টি ব্যাচে মোট ৯০ জনকে এমএসসি ডিগ্রি প্রদান করা হয়েছে। বর্তমানে ৩য় ও ৪র্থ ব্যাচের স্নাতোকোত্তর পর্যায়ের (এমএসসি) কোর্স চলমান রয়েছে। উক্ত ২ ব্যাচে ৮৮ জন শিক্ষার্থী রয়েছেন।

ঘ) জনবল: প্রকল্পের আওতায় নির্মিত নিয়েনার-এর জন্য প্রয়োজনীয় জনবলের মধ্যে রাজস্ব খাতে ক্যাডার বহির্ভুত মোট ৬৩টি পদ সৃজনের সরকারি মঞ্জুরী পাওয়া গেছে। বর্ণিত পদের মধ্যে ৩০টি প্রথম শ্রেণির পদ রয়েছে। প্রয়োজনীয় জনবলের অভাবে প্রতিষ্ঠানটি শিক্ষা কার্যক্রম ব্যাহতহচ্ছে।

ঙ) যানবাহন সংক্রান্ত তথ্যাদি: প্রকল্পের আওতায় জিওবি অর্থে ১টি মাইক্রোবাস ও ১টি বাস সংগ্রহের সংস্থান থাকলে ও কেবল ১টি মাইকোবা সক্রয় করা হয়েছে। কিন্তু ড্রাইভারের কোন পদ সৃজিত না হওয়ায় মাইক্রোবাসটি ব্যবহার করা যাচ্ছে না। এ বিষয়ে শীঘ্রই ব্যবস্থা নেয়া না হলে মাইক্রোবাসটি নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে।

চ) FAPADঅডিট সংক্রান্ত তথ্যাদি: ২০১৭-১৮ অর্থবছর এর অডিট সম্পন্ন হয়েছে।

ছ) প্রকল্পের অর্থায়ন সম্পর্কিত তথ্যাদি: প্রকল্পটির বাংলাদেশ সরকার এবং KOICA এর অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

জ) ভূমি অধিগ্রহণ: প্রকল্পের ভুমি অধিগ্রহণের প্রয়োজন হয়নি। মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল প্রাঙ্গণে সরকারি জমিতে প্রকল্পটির বাস্তবায়িত হয়েছে।

ঝ) ক্রয় সংক্রান্ত তথ্যাদি: জিওবি অর্থে বাস্তবায়িত ক্রয়কার্যক্রম পিপিআর ২০০৮ অনুযায়ী সংঘটিত হয়েছে। তবে প্রকল্প সাহায্য দ্বারা বাস্তবায়নের জন্য নির্ধারিত কার্যক্রম KOICA কর্তৃক সম্পাদিত হয়েছে। এ সম্পর্কিত কোন তথ্য প্রকল্প পরিচালকদের নিকট হস্তান্তর করা হয়নি।

১১। প্রকল্পের সার্বিক অগ্রগতি:

প্রকল্পটির শুরু হতে সমাপ্তি পর্যন্ত সংশোধিত ডিপিপি'র সংস্থানকৃত ১২৮০০.০ লক্ষ টাকার বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিকঅ গ্রগতি ১১৪১৫.৯৫ লক্ষ টাকা, যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৮৯.১৯% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছর ভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ:

(লক্ষটাকায়)

অর্থবছর	মূল ডিপিপি সংস্থান	সংশোধিত ডিপিপি সংস্থান	সংশোধিত এডিপিতে বরাদ্দ	অবমুক্ত	মোট ব্যয়	সমর্পণকৃত অর্থ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
২০১৩-১৪	২৬৪৪.৬০	৫১১৬.০৫	-	-	-	-
২০১৪-১৫	২৫৩৮.৭৫	১৯৮৫.১৬	৪০২৫.০০	১২.৫০	৫২৪২.৯৭	১২.৫০
২০১৫-১৬	২৫৩৮.৭৫	৭৭৮.৩০	২০৮৫.০০	১২৫.০০	১৮৭০.১৯	১২২.২১
২০১৬-১৭	২৫৩৯.১৫	২৪৫১.১৭	৩৭৯৬.০	১০৬৮.০০	২৫৫৩.৫৩	৬৯৮.২২
২০১৭-১৮	২৫৩৯.১৫	১২৮৩.২৪	৫৬০৬.০০	৭৩৩.০০	১৫০৫.৬৩	৫৬৮.৬৭
২০১৮-১৯	-	১১৮৬.০৭	৪৫২.০০	২৪৬.০	২৪৩.৬৩	১৫২.৯৫
সর্বমোট:	১২৮০০.০	১২৮০০.০	-	-	১১৪১৫.৯৫	-

তথ্যসূত্র: পিসিআর ও পরিদর্শনকালে প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী

১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবি	হইতে	পর্যন্ত
০১।	মোহাম্মদ এনামুল হক এনা যুগ্ম সচিব (বাজেট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।	জানুয়ারি, ২০১৪	৩০ জুন, ২০১৯

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

প্রকল্প পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্যের প্রেক্ষিতে অর্জিত ফলাফল নিম্নরুপ:

পরিকল্পিতউদ্দেশ্য		অর্জিত ফলাফল	
১	বাংলাদেশে নার্স শিক্ষকদের শিক্ষকতার দক্ষতা বৃদ্ধির নিমিত্তে জাতীয় মাষ্টার ডিগ্রী অব সাইন্স ইন নার্সিং ইনস্টিটিউট স্থাপনের মাধ্যমে জাতীয় পর্যায়ে বাংলাদেশে সরকার কর্তৃক গৃহিত পদক্ষেপ বাস্তবায়নে সহায়তা করা।	১	জাতীয় নার্সিং উচ্চ শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান (নিয়ানার) নামে একটি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয়েছে। এখানে একটি একাডেমিক ভবন ও একটি আবাসিক ভবন রয়েছে।
২	উচ্চ শিক্ষিত নার্স তৈরির মাধ্যমে স্বাস্থ সেবার গুণগত মান বৃদ্ধি করা।	২	মাষ্টার ডিগ্রী অবসাইন্স ইন নার্সিং প্রোগ্রামটি ০১ লা জানুয়ারি, ২০১৭ থেকে শুরু হয়েছে এবং ৩০ জুন, ২০১৯ এর মধ্যে ৯০ জন ছাত্র ছাত্রী এমএসএন কোর্সটি সম্পন্ন করেছে।
৩	কোরিয়ান নার্সিং শিক্ষা ব্যবস্থা রউন্নয়নের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে দেশে শিক্ষা ব্যবস্থার মান উন্নত করা।	৩	৪০ জন প্রশিক্ষণার্থীদের কে নিয়ে ManagerialTraining এবং ১১ জন প্রশিক্ষণার্থীদেরকে নিয়ে LeadershipTraining সম্পন্ন হয়েছে।
৪	নেতৃত্ব, পরিচালনা ও প্রশাসনসহ বিশেষ ক্ষেত্র গুলিতে নার্সের সক্ষমতা বৃদ্ধিতে অবদান রাখা।	৪	৩৪ জন প্রশিক্ষণার্থীদের কে নিয়ে CapacityBuilding Training সম্পন্ন হয়েছে।

১৪। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: পিসিআর ও প্রকল্প পরিদর্শনে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১৫। পরিদর্শনকালে চিহ্নিত সমস্যা:

ক) প্রকল্পের আওতায় ১০ তলা ভিতে ১টি ০৭ তলা বিশিষ্ট একাডেমিক ভবন এবং ১টি ১১তলা ভিতে ০৭ তলা বিশিষ্ট হোস্টেল ভবন নির্মাণের জন্য নির্ধারিত থাকলেও KOICA কর্তৃক নিযোগকৃত ঠিকাদার ও পরামর্শক প্রতিষ্ঠান যথাক্রমে Young Dong Construction Co. Ltd, Heerim Architects&Planners Co. Ltd. ও Topec Engineering Co. Ltd. কর্তৃক Structural Design এ বাংলাদেশ সরকারের কোন উপযুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমেVetting না করিয়ে Insitu Cast Pile সম্পন্ন করা হয়েছে। ফলে ভবন দু'টি যথাক্রমে ৩ তলা ও ৪ তলা উর্দ্ধমুখি সম্প্রসারণের Scope নষ্ট হয়েছে। প্রতিষ্ঠানসমূহ উল্লিখিত কাজে তাদের অযোগ্যতা প্রমান করেছে।

খ) পরিদর্শন কাল পর্যন্ত সময়ে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) কর্তৃক গঠিত যৌথ কমিটির পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত ত্রুটিসমূহ পরিপূর্ণভাবে সংশোধন করা হয়নি।

গ) নির্মিত প্রতিষ্ঠানের জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগ নাহ ওয়ায় প্রতিষ্ঠানটির শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে।

ঘ) নির্মিত প্রতিষ্ঠান নিয়েনার-এর জন্য ড্রাইভারের কোন পদ সৃজিত না হওয়ায় প্রকল্পের আওতায় নিয়েনার-এর জন্য ক্রয়কৃত মাইক্রোবাসটি ব্যবহার করা যাচ্ছেনা। মাইক্রোবাসটি ব্যবহৃত না হলে নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কার য়েছে।

ঙ) KOICA কর্তৃক সম্পাদিত কার্যক্রমের বিভিন্ন তথ্য প্রকল্প পরিচালকদের নিকট হস্তান্তর না করায় সরকারের বিভিন্ন কর্তৃপক্ষের নিকট এতদ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করা বিঘ্নিত হয়। এতে সরকারের স্বচ্ছতা ও জবাব দিহীতার বিষয়টি প্রশ্নবিধ্য হয়।

১৬। প্রকল্প পরিদর্শনে রস্থির/ ভিডিও চিত্র ও বর্ণনা:



স্থির চিত্র০১ :নির্মিত নিয়েনার ও হোস্টেল ভবন



স্থির চিত্র ০২: সংগৃহীত ও স্থাপনকৃত জেনারেটর



স্থির চিত্র ০৩: নির্মিত নিয়েনার ও হোস্টেল ভবন



স্থির চিত্র ০৪: স্থাপনকৃত পানিশোধনাগার



স্থির চিত্র ০৭ : নির্মিত অডিটরিয়াম ভবনের ছাদ



স্থির চিত্র ০৮: নির্মিত একাডেমিক ভবনের ত্রুটিপূর্ণ ছাদ



স্থির চিত্র ০৫: নির্মিত ভবনে সিমুলেশন রুম



স্থির চিত্র ০৬: নির্মিত ভবনে কনফারেন্সরুম

১৭| সুপারিশ:

ক) প্রকল্পের আওতায় ১০ তলা ভিতে ১টি ০৭ তলা বিশিষ্ট একাডেমিক ভবন এবং ১টি ১১তলা ভিতে ০৭ তলাবিশিষ্ট হোস্টেল ভবন নির্মাণের জন্য নির্ধারিত থাকলেও KOICA কর্তৃক নিযোগকৃত ঠিকাদার এবং পরামর্শক প্রতিষ্ঠান যথাক্রমে Young Dong Construction Co. Ltd এবং Heerim Architects & Planners Co. Ltd. ও Topec Engineering Co.Ltd. কর্তৃক Structural Design এ বাংলাদেশ সরকারের কোন উপযুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে Vetting না করিয়ে Insitu Cast Pile সম্পন্ন করা হয়েছে। ফলে ভবন দু'টি যথাক্রমে ৩ তলা ও ৪তলা উর্দ্ধমুখি সম্প্রসারণের Scope নষ্ট হয়েছে যা পরিকল্পনা শৃঙ্খলা পরিপন্থী। প্রতিষ্ঠানসমূহ উল্লিখিত কাজে তাদের অযোগ্যতা প্রমান করেছে। এতদ বিষয়ে ইআরডি-এর মাধ্যমে বাংলাদেশ সরকারের অবস্থান জানিয়ে পত্র প্রেরণ করতে হবে;

খ) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) কর্তৃক গঠিত যৌথ কমিটির স্মারক নং-এইচইডি/ KOICA/ পরিদর্শন-১৩৫০/২০১৭/১৭২৩০৭/০৮/২০১৭ তারিখে রপরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়ন করতে হবে;

গ) নিয়েনার -এর জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগ করে শিক্ষা কার্যক্রম অব্যহত রাখতে হবে এবং শীঘ্রই প্রয়োজনীয় সংখ্যক ড্রাইভারের পদ সৃজনের উদ্যোগ গ্রহণ করতে হবে;

ঘ) বিভিন্ন উন্নয়ন প্রকল্পে KOICA'র অর্থায়নকৃত এবং KOICA কর্তৃক সম্পাদিত কার্যক্রমের তথ্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের নিকট হস্তান্তর করার বিষয়টি KOICA'র সাথে সম্পাদিত চুক্তিতে অন্তর্ভুক্ত করা রবিষয়ে ইআরডি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

ঙ) অনুচ্ছেদ ক) হতে ঘ) এ উল্লিখিত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডি'কে প্রতিবেদন জারীর ৩০ কার্যদিবসের মধ্যে অবহিত করতে হবে।

ট্রমা সেন্টার স্থাপন শীর্ষক প্রকল্প, গোপালগঞ্জ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: ডিসেম্বর ২০১৮)

১। প্রকল্পের নাম : ট্রমা সেন্টার স্থাপন শীর্ষক প্রকল্প, গোপালগঞ্জ।

২। প্রকল্পের অবস্থান : মৌজা: গোবরা, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।

৩। বাস্তবায়ন কারীসংস্থা : স্বাস্থ্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর।

৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/স্বাস্থ্য সেবা বিভাগ

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় (লক্ষ টাকায়):

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১৫২৮.৭৪	১৫৬৬.৪৯	১৩৮৭.৪৮	জুলাই ২০১২ হতে জুন ২০১৪ পর্যন্ত	জুলাই ২০১২ হতে ডিসেম্বর ২০১৮	জুলাই ২০১২ হতে ডিসেম্বর ২০১৮	-১৪১.২৬ (-১১.৪%)	৪ বছর ৬ মাস ২২৫%

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রাপ্ত পিসিআর-এর ভিত্তিতে) (লক্ষ টাকায়) :

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	এক ক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		প্রকৃত ব্যয় হ্রাস/বৃদ্ধি (-/+)
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
	(ক) রাজস্ব ব্যয়:						
১	সাপ্লাই এন্ড সার্ভিসেস						
	ভ্রমন ব্যয়	থোক		২.০০		১.৯৮	-০.০২
	পোষ্টেজ	থোক		১.০০		০০	-১.০০
	পানি	থোক		১.০০		০০	-১.০০
	বিদ্যুৎ	থোক		২.০০		০০	-২.০০

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	এক ক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		প্রকৃত ব্যয় হ্রাস/বৃদ্ধি (-/+)
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
	পেট্রোল/জ্বালানী	থোক		৩.০০		০.৮০	-২.২০
	স্ট্যাশনারী ও ষ্ট্যাম্প	থোক		৩.০০		৩.০০	০.০০
	এমএসআর	থোক		৪.২২		৪.২১	-০.০১
	সম্মানী	থোক		১.০০		০.২৫	-০.৭৫
	কম্পিউটার ও কনজিওমেবলস	থোক		০.৫০		০.৪৭	-০.০৩
২	মেরামত ও সংরক্ষণ						০.০০
	আসবারপত্র মেরামত	থোক		০.৫০		০০	-০.৫০
	অফিস সামগ্রী মেরামত	থোক		০.৫০		০.৪৯	-০.০১
	কম্পিউটার সামগ্রী মেরামত ও সংরক্ষণ	থোক		০.৫০		০.৪৭	-০.০৩
	অন্যান্য	থোক		০.৫০		০০	-০.৫০
	উপমোট (রাজস্ব)=			১৯.২২		১১.৬৭	-৭.৫৫
	(খ) মূলধন ব্যয়:						
৩	যানবাহন, এ্যাম্বুলেন্স-১টি	সংখ্যা	১টি	৭৫.০০	১টি	৪০.৯৫	-৩৪.০৫
৪	মেডিকেল যন্ত্রপাতি ওঅন্যান্য সরঞ্জাম			৫৭.৯২		৫৭.৮৪	-০.০৮
৫	ফার্নিচার এন্ড ফিক্সারস্			৮.৬৮		৮.৬৭	-০.০১
৬	জমি অধিগ্রহণ	একর	১	৭২.০০	১	৭২.০০	০.০০
৭	অবকাঠামো নির্মাণ			১৩০২.১১		১১৯৬.৩৫	-১০৫.৭৬
৮	সিডি-ভ্যাট			৩১.৫৬		০.০০	-৩১.৫৬
	উপ-মোট (খ)=			১৫৪৭.২৭		১৩৭৫.৮১	-১৭১.৪৬
	মোট (ক+খ)=			১৫৬৬.৪৯		১৩৮৭.৪৮	-১৭৯.০১

তথ্যসূত্র: পিসিআর ও প্রকল্প অফিসের তথ্য অনুযায়ী।

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রাপ্ত পিসিআর অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে কোন ভৌত কাজ অসমাপ্ত নাই।

৮। সাধারণ পর্যবেক্ষণ:

৮.১ প্রকল্পের পটভূমি:- বাংলাদেশ একটি জনবহুল দেশ। এদেশের জনবসতির ঘনত্ব এশিয়ার অন্যান্য দেশের তুলনায় অনেক বেশি। এ বিপুল জনগোষ্ঠির যাতায়াতের জন্য সড়কপথ একটি অন্যতম গুরুত্বপূণ মাধ্যম। যাতায়তের চাহিদা পূরণের জন্য প্রতিনিয়ত সড়ক নেটওয়ার্কের আওতা বৃদ্ধি পাচ্ছে। ফলে সড়ক দুর্ঘটনাও বহুল অংশে বৃদ্ধি পাচ্ছে। দুর্ঘটনা কবলিত রোগীদের জরুরী চিকিৎসা সেবাপ্রদানের জন্য রাস্তার পাশে বিভিন্ন যায়গা ট্রমা সেন্টার স্থাপন করা প্রয়োজন।

গোপালগঞ্জ এরুপ একটি গুরুত্বপূর্ন জনপদ। এর পার্শ্ববর্তি জেলাগুলো হলো যশোর, বাগেরহাট, নড়াইল, মাদারীপুর ও বরিশাল। দেশের অন্যান্য অঞ্চলের মতো এ অঞ্চলেও সড়ক যোগাযোগ গত দুই দশকে অনেক বৃদ্ধি পেয়েছে। এরমধ্যে গুরুত্বপূর্ণ সড়ক হলো ঢাকা-মাওয়া-মংলা ও ঢাকা-মাওয়া-খুলনা মহাসড়ক। এ অঞ্চলের মানুষ বিভিন্ন কাজে যেমন:- ব্যবসাবানিজ্য, চাকুরী, মালামাল বহন ইত্যাদি কাজে প্রতি নিয়ত ঢাকা যাতায়াত করে। এছাড়াও স্বপ্নের পদ্মা সেতু বাস্তবায়িত হলে যোগাযোগ ব্যাবস্থার আরও অভূতপূর্ব উন্নতি সাধিত হবে এবং সাথে সাথে সড়ক দুর্ঘটনাও বহুলাংশে বৃদ্ধির আশঙ্কা রয়েছে। ফলে আহত রোগীদের জরুরী ও তাৎক্ষণিক চিকি'সা করতে না পারলে তারা মৃত্যুবরণ করবে অথবা পঙ্গুত্ববরন করবে। ফলে এ সমস্ত রোগীদের মৃত্যুর ঝুকি ও পঙ্গুত্ব হ্রাস করতে হলে এ অঞ্চলে রাস্তার পাশে একটি ট্রমা সেন্টার স্থাপন জরুরী। সে মোতাবেক গোপালগঞ্জ জেলার ঘোনাপাড়া মোড়ে ঢাকা-মাওয়া-মংলা মহাসড়কের পাশে ট্রমা সেন্টার স্থাপন করা অতিব প্রয়োজন।

৮.২ প্রকল্পের উদ্দেশ্য:

ক) দূর্ঘটনা কবলিত আহত রোগীদের জররী সেবা প্রদান করার জন্য ২০ শয্য বিশিষ্ট হাসপাতাল স্থাপন করা।

খ) আহত রোগীদের সময়মত চিকিৎসা প্রদান করা মাধ্যমে মৃতুরহার ও পঙ্গুত্ব হ্রাস করা।

গ) পঙ্গু রোগীদের পূনর্বাসন ব্যবস্থা করা।

ঘ) আহত রোগীদের সঠিক চিকিৎসার জন্য রেফারেল পদ্ধতি চালু করা।

৮.৩ প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রম:

ক) ২০ শয্য বিশিষ্ট হাসপাতাল ভবন স্থাপন করা (ছয় তলা ফাউন্ডেশনে চার তলা ভবন স্থাপন করা), ডক্টরস ও স্টাফ ডরমিটরি, সাবষ্টেশন ভবন ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট, এয়ারকন্ডিশনিং সিসটেম , সৌর বিদুৎ, সিসিটিভি, পিএবিএক্স সিসটেম, আরসিসি রোড, ইত্যাদি।

খ) মেডিকেল ও সাজিকেল যন্ত্রপাতি ক্রয়।

গ) আসবারপত্র ক্রয়।

ঘ) জনবলের পদ সৃষ্টি করা।

৮.৪ প্রকল্পের অনুমোদন অবস্থা: অনুমোদিত।

মূল প্রকল্প: ২৮/০৬/২০১২ ইং মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত।

প্রথম সংশোধিত: ২১/০১/২০১৮ ইং মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত।

৯। ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন: ক্রয় সম্পর্কিত বিস্তারিত তথ্য পরিশিষ্ট-১ ও পরিশিষ্ট-২ এ দেখা যেতে পারে। ডিপিপির মূল ক্রয়

পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্য যথাসময়ে সমাপ্ত না হওয়ায় প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়েছে।

১০। মূল্যায়নপদ্ধতি (Methodology): মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে:

(ক) সংশ্লিষ্ট প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) এডিপি/আরএডিপি পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা; এবং

(চ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

<u>পরিদর্শনকালে গৃহিত কিছু স্থিরচত্র:</u>



স্থিরচিত্র-১: ক্রয়কৃত এক্স-রে মেশিন



স্থিরচিত্র-২: ক্রয়কৃত আসবাবপত্র



স্থিরচিত্র-৩: ক্রয়কৃত ফ্রিজ



স্থিরচিত্র-৪: ক্রয়কৃত আসবাবপত্র ও যন্ত্রপাতি

	
স্থিরচিত্র-৫: নির্মিত ভবনের ছাদে নিম্নমানের প্লাম্বিং সামগ্রী	স্থিরচিত্র-৬: অপারেশন থিয়েটারে স্থাপিত যন্ত্রপাতি

১১। মাঠ পর্যায়ে পরিদর্শনে প্রাপ্ত তথ্যঃ গত ২৭/০৬/২০১৯ তারিখে প্রকল্পটির আওতায় সম্পাদিত কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য ও পর্যবেক্ষন নিম্নরূপ:

ক) নির্মাণ কাজ: প্রকল্পের আওতায় হাসপাতাল (২০ শয্যাবিশিষ্ট ট্রমা সেন্টার) স্থাপন করা হয়েছে। এছাড়া ডক্টরস্ ডরমেটরি, স্টাফ হোস্টেল, ইন্টারনাল রোড, সুপেয় পানির জন্য ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট ইত্যাদি নির্মাণ করা হয়েছে। নির্মিত ভবনসমূহের জন্য ডিপিপির সংস্থান অনুযায়ী সৌরবিদ্যুতের প্যানেল স্থাপন, এসি স্থাপন ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। কিন্তু নিরাপত্তার বিষয়টি বিবেচনায় নিয়ে জনবলসহ হাসপাতালটি চালু হলে সৌরবিদ্যুতের প্যানেল ও এসি স্থাপন করা হবে। নির্মিত ভবনের ছাদে নিম্নমানের প্লাম্বিং সামগ্রী ব্যবহার করা হয়েছে।

খ) যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় সংক্রান্ত তথ্যাদি: ওটি, ওটির যন্ত্রপাতি, প্রয়োজনীয় আসবাবপত্র, এসি, ফ্রিজ ইত্যাদি ক্রয় রা হয়েছে। আসবাবপত্র ও যন্ত্রপাতি একটি কক্ষে রাখা হয়েছে। এগুলো হাসপাতালটি চালু হলে সংশ্লিষ্ট কক্ষে স্থাপন করা হবে। ভবনের নিরাপত্তার জন্য কোন জনবল না থাকায় মূল্যবান বিভিন্ন যন্ত্রপাতি হারিয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে।

গ) প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি: প্রযোজ্য নয়।

ঘ) যানবাহন সংক্রান্ত তথ্যাদি: একটি এ্যাম্বুলেন্স ক্রয় করা হয়েছে।

ঙ) FAPAD অডিট সংক্রান্ত তথ্যাদি: সম্পুর্ন জিওবি অর্থে বাস্তবায়িত বিধায় FAPAD কর্তৃক অডিট করা হয়নি।

চ) প্রকল্পের আওতায় সম্পাদিত মূল্যায়নের প্রতিবেদন: প্রযোজ্য নয়।

ছ) প্রকল্পের অর্থায়ন সম্পর্কিত তথ্যাদি: সম্পুর্ন জিওবি অর্থে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

জ) আরপিএ অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের জন্য অনুমোদনের পর ডিপিএ হিসেবে পাওয়া গেছে। এক্ষেত্রে অর্থায়নের চুক্তির ব্যত্যয় হয়েছে কি?চুক্তির অনুলিপি: প্রযোজ্য নয়।

ঝ) ভূমি অধিগ্রহণ/ক্রয় সংক্রান্ত তথ্যাদি: প্রকল্পের আওতায় মোট ১একর জমি অধিগ্রহণ/ক্রয় করা হয়েছে।

১২। প্রকল্পের সার্বিক অগ্রগতি:

প্রকল্পটির শুরু হতে সমাপ্তি পর্যন্ত ডিপিপি'র সংস্থানকৃত ১৫৬৬.৪৯ লক্ষ টাকার বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৩৮৭.৪৮ লক্ষ টাকা, যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৮৯% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ:

(লক্ষটাকায়)

অর্থবছর	মূল ডিপিপি সংস্থান	সংশোধিত ডিপিপি সংস্থান	সংশোধিত এডিপিতে বরাদ্দ	অবমুক্ত	মোট ব্যয়	সমর্পণকৃত অর্থ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
২০১২-১৩	৮২৩.২৭	৮১.৪২	২০০.০০	৮৪.০০	৮১.৪২	২.৫৮
২০১৩-১৪	৭০৫.৪৭	১৮৭.৬০	২১২.০০	১৯০.০০	১৮৭.৬০	২.৪০
২০১৪-১৫	০০	৩৯১.৩২	৪০০.০০	৪০০.০০	৩৯১.৩২	৮.৬৮
২০১৫-১৬	০০	২৪২.৪৫	৫০৭.০০	৩৪৫.০০	২৪২.৪৫	১০২.৫৫
২০১৬-১৭	০০	৫০.০০	৪০০.০০	৫৭.০০	৫০.০০	৭.০০
২০১৭-১৮	০০	৫৬০.৩২	৪৪৫.০০	৪৪৩.৭৮	৩৬৬.৬৭	৭৭.১১
২০১৮-১৯	০০	৫৩.৩৮	৬৯.০০	৬৯.০০	৬৮.০২	০.৯৮
মোট:	১৫২৮.৭৪	১৫৬৬.৪৯	২২৩৩.০০	১৫৮৮.৭৮	১৩৮৭.৪৮	২০১.৩০

তথ্যসূত্র: পিসিআর ও পরিদর্শনকালে প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবি	হইতে	পর্যন্ত
১	ডা: মোহাম্মদ আছাদুজ্জামান, সিভিল সার্জন, গোপালগঞ্জ।	২৬/০২/২০১২	০৯/০৯/২০১৩
২	ডা: এস এম সিরাজুল ইসলাম, সিভিল সার্জন, গোপালগঞ্জ।	০৯/০৯/১৩	৩১/১২/১৫
৩.	ড: চৌধুরী শফিকুল আলম, সিভিল সার্জন, গোপালগঞ্জ।	১২/০১/২০১৬	২৮/০২/২০১৬
৪	ডা: জগদীস চন্দ্র ঘোষ, সহযোগি আধ্যাপক অর্থোসার্জারি, শেখ সায়েরা খাতুল মেডিকেল কলেজ, গোপালগঞ্জ।	২৮/০২/২০১৬	২৫/০৫/২০১৭

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবি	হইতে	পর্যন্ত
৫	ডা: মো: হুমায়ুন কবির, সহযোগি আধ্যাপক অর্থোসার্জারি, শেখ সায়েরা খাতুল মেডিকেল কলেজ, গোপালগঞ্জ।	২৫/০৫/২০১৭	অদ্যাবধি

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

প্রকল্প পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্যের প্রেক্ষিতে অর্জিত ফলাফল নিম্নরুপ:

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
ক) দূর্ঘটনা কবলিত আহত রোগীদের জরুরী সেবা প্রদান করার জন্য ২০ শয্য বিশিষ্ট হাসপাতাল স্থাপন করা।	ক) ২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপিত হয়েছে।
খ) আহত রোগীদের সময়মত চিকিৎসা প্রদান করার মাধ্যমে মৃতুর হার ও পঙ্গুত্ব হ্রাস করা।	খ) আহত রোগীদের সময়মত চিকিৎসা প্রদান করার মাধ্যমে মৃতুর হার ও পঙ্গুত্ব হ্রাস করার জন্য হাসপাতাল চালু হয় নাই।
গ) পঙ্গু রোগীদের পূনর্বাসন ব্যবস্থা করা।	গ) পঙ্গু রোগীদের পূনর্বাসন ব্যবস্থা করার জন্য হাসপাতাল চালু হয় নাই।
ঘ) আহত রোগীদের সঠিক চিকিৎসার জন্য রেফারেল পদ্ধতি চালু করা।	ঘ) আহত রোগীদের সঠিক চিকিৎসার জন্য রেফারেল পদ্ধতি চালু করার জন্য হাসপাতাল চালু হয় নাই।

১৫। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:- ভৌত অবকাঠামো তৈরি ও যন্ত্রপাতি আসাবাবপত্র ক্রয় হওয়া সত্ত্বেও জনবল পদ সৃষ্টি না হওয়ায় সেবা কার্যক্রম চালু করা সম্ভব হয়নি। জনবলের পদ সৃষ্টির জন্য স্মারক নং-ট্রমা/গোপ/২০১৮/৬৩, ২৬/০২/২০১৮ইং তারিখ অনুযায়ী প্রস্তাব প্রেরণ করা হয়। বিভিন্ন পদে মোট ৯৩টি পদের প্রস্তাব করা হয়েছিল। জন প্রশাসন মন্ত্রণালয়ের ০৫/০৫/২০১৯ ইং তারিখের ১০৭নং পত্রের মাধ্যমে রাজস্বখাতে মোট ১৪টি পদের সম্মতি প্রদান করেছে। সে মোতাবেক অর্থ মন্ত্রণালয়ের সম্মতির জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ স্মারক নং-ট্রমা/গোপ/২০১৯/৩৪ তারিখ: ১৩/০৬/২০১৯ইং অনুযায়ী স্বাস্থ্য অধিদপ্তরে জমা দেওয়া হয়েছে।

১৬। পরিদর্শনকালে চিহ্নিত সমস্যা:

ক) অপ্রতুল জনবলের পদ সৃষ্টি হয়েছে। মাত্র ১৪টি পদ হাসপাতাল পরিচালনার জন্য প্রয়োজনের তুলনায় অনেক কম বলে প্রকল্প পরিচালক জানান। তিনি বলেন এ হাসপাতালটি ২৪/৭ সেবা প্রদানের জন্য নির্মিত হয়েছে। সার্বক্ষনিক সেবা প্রদানের জন্য জরুরি বিভাগে ৮ঘন্টা করে ৩শিফটে কার্যক্রম পরিচালনার জন্য জনবল প্রয়োজন হবে। এছাড়া ২০ শয্যাবিশষ্ট হাসপাতালে দূর্ঘটনা কবলিত রোগীদের সেবা প্রদানের জন্যও পর্যাপ্ত জনবলের প্রয়োজন হবে।

খ) নির্মিত ভবনের ছাদে নিম্নমানের প্লাম্বিং সামগ্রী ব্যবহার করা হয়েছে।

গ) সৌরবিদ্যুতের প্যানেল, এসি, যন্ত্রপাতি ও আসবাবপত্র ইত্যাদি যথাস্থানে স্থাপন করা হয়নি।

ঘ) বর্ণিত ট্রমা সেন্টারসহ বেশ কয়েকটি স্থাপনায় প্রয়োজনীয় জনবলের পদ যথাসময়ে সৃজন না করায় এসকল স্থাপনা হতে সেবা প্রদান কার্যক্রম শুরু করতে বিলম্ব হচ্ছে। এর ফলে সরকারে অনেক অর্থের অপচয় হচ্ছে।

ঙ) কোন ভবন নির্মাণের পর তা ব্যবহার না করা হলে তা দ্রুত নষ্ট হওয়ার আশঙ্কা থাকে। বর্ণিত স্থাপনাটিও এর ব্যতিক্রম নয়।

১৭| সুপারিশ:

ক) জুলাই ২০১২ মাসে শুরু করে ডিসেম্বর ২০১৮ মাসে ট্রমা সেন্টার স্থাপন সম্পন্ন হয়েছে। প্রায় ৬বছর ৬মাস সময়ে প্রল্প বাস্তবায়ন পর্যায়ে জনবলের পদ সৃজন না হওয়া এবং প্রকল্প সমাপ্ত হওয়ার প্রায় ৬(ছয়) মাস পরও নির্মিত স্থাপনা হতে সেবা প্রদান শুরু করতে না পারার বিষয়টি স্বাস্থ্য সেবা বিভাগ গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির পূর্বেই নির্মিত স্থাপনা হতে সেবা প্রদানের লক্ষ্যে করণীয় নির্ধারণ করবে;

খ) স্বাস্থ্য সেবা বিভাগ প্রয়োজনে স্বাস্থ্য অধিদপ্তর এবং নার্সিং সেবা ও মিডওয়াইফারী অধিদপ্তরের বর্তমান জনবলকে অভ্যন্তরিন সমন্বয়ের মাধ্যমে সংযুক্তি/পদায়ন করে গোপালগঞ্জ ট্রমা সেন্টার দ্রুত চালু করার বিষয়টি বিবেচনা করতে পারে;

গ) গোপালগঞ্জ ট্রমা সেন্টার চালুর পূর্বে নিম্নমানের প্লাম্বিং সামগ্রী অপসারণসহ সৌরবিদ্যুতের প্যানেল, এসি, যন্ত্রপাতি ও আসবাবপত্র ইত্যাদি যথাস্থানে স্থাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলে কার্যর ব্যবস্থা গ্রহণ করবে;

ঘ) প্রকল্পের ৪টি উদ্দেশ্যের মধ্যে ৩টি উদ্দেশ্য গোপালগঞ্জ ট্রমা সেন্টার চালুর সাথে সম্পর্কিত। ১টি উদ্দেশ্য অর্জিত হলেও ৩টি উদ্দেশ্য অর্জিত হয়নি যা কাম্য নয়। উক্ত ৩টি উদ্দেশ্য অর্জনের অন্তরায় চিহ্নিত হওয়া আবশ্যক। এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগ একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়নপূর্বক প্রয়োজনয় ব্যবস্থা গ্রহণ করবে;

ঙ) অনুচ্ছেদ ক) হতে ঘ) এ উল্লিখিত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডি'কে প্রতিবেদন জারীর ৩০ কার্যদিবসের মধ্যে অবহিত করতে হবে।

ট্রমা সেন্টার স্থাপন শীর্ষক প্রকল্প, গোপালগঞ্জ-এর পন্য/কার্য/সেবা ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য

প্যাকেজের নাম (কার্য)	প্যাকেজ নং	আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়	টেন্ডার আহবানের তারিখ	পত্রিকার নাম ও পত্রিকায় প্রকাশের তারিখ	চুক্তির তারিখ	চুক্তিমূল্য	চুক্তি অনুযায়ী ক্রয় সম্পাদনের তারিখ	প্রকৃত ক্রয় সম্পাদনের তারিখ	পরিশোধিত মূল্য
1). Establishment of Construction of Trauma Centre at Gopalganj S.H: Main building (6 storied foundation 4 storied building) with Civil, Sanitary & Water supply arrangement and Electrical works).	০১	৬৪৮.৬৩	০৩/০১০/১৩	দৈনিক জনকণ্ঠ, দৈনিক বর্তমান গোপালগঞ্জ New Age	২৯/১০/২০১৩	৬৪৮.৬৩	১৭/০৯/২০১৪	৩১.১২.১৮	
2). Establisment of Construction of Trauma Centre at Gopalgonj S.H: a. Construction of Doctors Dormitory b.Construction of Essential staff hostel c. Sub-station bldg. d.Tuble-well plant e.Air condition system f.Boundary wall g.External water supply h.Site Development i.400 KVA Sub-station j. Fire Extinguisher k. External Electrification l. 100 KVA Generator m. Pump motor set with stand by n.Solar panel 3KW two hours back-up o. CCTV system p. PABX system q.conference system r. Lighting conductor	০২	৫২৫.৩৪	১৩/০১০/১৩	দৈনিক জনকণ্ঠ, দৈনিক বর্তমান গোপালগঞ্জ New Age	২৯/১০/২০১৩	৫২৫.৩৪	১৭/০৯/২০১৪	৩১.১২.১৮	
s.RCC road	০৩	২০.৭৯	০৩/০১/১৭		২৪/০১/১৭	২০.৭৯	৩০/০৬/১৭	৩০/০৬/১৭	
t.Cost of tender TEC, contingency		১.৬২		১০৫					

ট্রমা সেন্টার স্থাপন শীর্ষক প্রকল্প, গোপালগঞ্জ-এর পন্য/কার্য/সেবা ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য

প্যাকেজের নাম (পণ্য)	প্যাকেজ নং	আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়	টেন্ডার আহবানের তারিখ	পত্রিকার নাম ও পত্রিকায় প্রকাশের তারিখ	টেন্ডার উন্মুক্তরণের তারিখ	টেন্ডার অনুমোদনের তারিখ	NOA প্রদাণের তারিখ	চুক্তির তারিখ	চুক্তিমূল্য	চুক্তি অনুযায়ী ক্রয় সম্পাদনের তারিখ	প্রকৃত ক্রয় সম্পাদনের তারিখ	পরিশোধিত মূল্য
যানবাহন ক্রয়	১	৭৫.০০ লক্ষ	০৩/০৬/২০১৮	ডিপিএম প্রগতী	১০/০৬/১৮	১০/০৬/১৮	১০/০৬/১৮	১০/০৬/১৮	৪০.৯৫ লক্ষ	১০/০৭/১৮	২৯/০৭/১৮	৪০.৯৫ লক্ষ
আসবাবপত্র	১	৮.৬৮ লক্ষ	২৫/০৯/২০১৮	সচেতন পাঠকের দৈনিক প্রথম কথা ২৬/০৯/২০১৮	১৬/১০/১৮	১৭/১০/১৮	০৮/১১/১৮	০৮/১১/১৮	৬.৬৭ লক্ষ	০৮/১২/১৮	০৮/১২/১৮	৬.৬৭
মেডিকেল ও সার্জিক্যাল ও যন্ত্রপাতি	১	৫৭.৯২ লক্ষ	২৫/০৯/২০১৮	The Independent Daily Capital News ২৬/০৯/২০১৮	১৬/১০/১৮	১৭/১০/১৮	০৮/১১/১৮	০৮/১১/১৮	৫৫.৯২ লক্ষ	০৮/১২/১৮	০৮/১২/১৮	৫৫.৮৪

এক্সপানশন এন্ড কোয়ালিটি ইমপ্রুভমেন্ট অব নার্সিং এডুকেশন শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন (সমাপ্ত: জুন ২০১৯)**

১। **প্রকল্পের নাম** : এক্সপানশন এন্ড কোয়ালিটি ইমপ্রুভমেন্ট অব নার্সিং এডুকেশন।

২। **প্রকল্পের অবস্থান** : কলেজ অব নার্সিং, শেরে বাংলা নগর, ঢাকা, কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা, সমগ্র বাংলাদেশ (প্রশিক্ষণ ও কারিগরী সহায়তা) ।

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৪। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/স্বাস্থ্য সেবা বিভাগ।

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় (লক্ষ টাকায়):**

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) (বৃদ্ধি/হ্রাস)(+/-)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) বৃদ্ধি/হ্রাস)(+/-)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১০০০০.০০	১০০০০.০০	৮৮৪৪.৭২	০১/৭/২০১০ হতে ৩০/০৬/১৪	০১/০৭/২০১০ হতে ৩০/০৬/১৯	০১/০৭/১০-৩০/৬/১৯	-১১৫৫.২৮ (-১১.৫৫%)	৫ বছর (১০০%)

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রাপ্ত পিসিআর-এর ভিত্তিতে)(লক্ষ টাকায়):**

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		প্রকৃত ব্যয় হ্রাস/বৃদ্ধি (-/+)'র কারণ
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
(১৭)	(১৮)	(১৯)	(২০)	(২১)	(২২)	(২৩)	(২৪)
	(ক) রাজস্ব ব্যয়:	-	-	-	-	-	-
(১)	কর্মকর্তাদের বেতন	-	৩	৩২.৫৭	-	-	-
(২)	কর্মচারীদের বেতন	-	২	৯.৮৭	-	-	-
(৩)	ভাতাদি	-	৫	৩৬.৩৬	-	-	-
(৪)	সাপ্লাই এন্ড সার্ভিসেস	-	২	১৪.২০	-	-	-
(৫)	ভ্রমন ব্যয়	-	-	৪২.০০	-	-	-
(৬)	সিডি ভ্যাট	-	-	৩০.০০	-	-	-
(৭)	বই এবং সাময়িকী	সংখ্যা	১২২৪	২০.০০	৬১২	৯.৯৭	-
(৮)	প্রশিক্ষণ এবং ফেলোশীপ	সংখ্যা	৩৩০০	১২৯১.০০	৩৩০০	১৬১০.৫৩	-
(৯)	টেলিফোন/ টেলিগ্রাফ/ টেলিপ্রন্টার	-	-	১.০০	-	-	-
(১০)	শিক্ষা সফর	-	-	১১১.০০	-	-	-
(১১)	গ্যাস ও জ্বালানী	-	-	১.০০	-	-	-
(১২)	পেট্রোল ও লুব্রিক্যান্ট	-	-	২০.০০	-	৩.০৯	-
(১৩)	ওয়াসা	-	-	৩.০০	-		-
(১৪)	মুদ্রন ও বাধাই	-	-	২০.০০	-	২.৫০	-

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		প্রকৃত ব্যয় হ্রাস/বৃদ্ধি (-/+)'র কারণ
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
(১৭)	(১৮)	(১৯)	(২০)	(২১)	(২২)	(২৩)	(২৪)
(১৫)	বিছানাপত্র		-	৯.০০	-	৫.০০	-
(১৬)	বিদ্যুৎ	-	-	১৫.০০	-	-	-
(১৭)	ষ্টেশনারী, সীল ও স্ট্যাম্প	-	-	২৬.০০	-	১১.৬৩	-
(১৮)	প্রচারও প্রচারনা	-	-	২৯.৫২	-	-	-
(১৯)	কারিগরি সহায়তা	জন-মাস	১৭১	২৯২.০০	-	-	-
(২০)	যানবাহন মেরামত	-	-	৫.০০	-	-	-
(২১)	কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত	-	-	১০.০০	-	০.৪১	-
(২২)	যন্ত্রপাতি মেরামত	-	-	৫.০০	-	২.৮১	-
(২৩)	সম্মানী	-	-	১০.০০	-	০.৬৩	-
(২৪)	কম্পিউটার কনজিউমেবল	-	-	১৫.০০	-	২.০১	-
(২৫)	অন্যান্য ব্যয়	-	-	১০.০০	-	৩.০২	-
	উপ-মোট (ক):			২০৫৮.৫২		১৬৫১.৬০	
	(খ) মূলধন ব্যয়:	-	-	-	-	-	-
(২৬)	যানবাহন (মাইক্রোবাস-২টি)	সংখ্যা	২	৭০.০০	২	৭০.০০	-
(২৭)	কম্পিউটার ও যন্ত্রাংশ	সংখ্যা	১০০	৪৬.৬৫	৪০	১৯.৩৬	-
(২৮)	ফার্নিচার এন্ড ফিক্সারস্	সংখ্যা	৫২৭১	৪২৪.০০	৫২৭১	৪২৩.৫৩	-
(২৯)	যন্ত্রপাতি	সংখ্যা	৫৫৫	১৩৮.৩৫	-	১৮.৩৯	-
(৩০)	যন্ত্রপাতি (ল্যাংগুয়েজ ল্যাব)	সংখ্যা	এক সেট	৪৫.০০	-	-	-
(৩১)	অবকাঠামো নির্মাণ	সংখ্যা	৯	৬৮৭৩.৭৬	-	৬৬৬১.৮৪	-
	উপ-মোট (খ):			৭৫৯৭.৭৬		৭১৯৩.১২	
	(গ) ফিজিক্যাল কন্টিজেন্সি	-	-	১৩৭.৪৭	-	-	-
	(ঘ) প্রাইস কন্টিজেন্সি	-	-	২০৬.২৫	-	-	-
	মোট (ক+খ+গ+ঘ):	-	-	১০০০০.০০	-	৮৮৪৪.৭২	-

তথ্য সূত্র: পিসিআর ও প্রকল্প অফিসের তথ্য অনুযায়ী

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রাপ্ত পিসিআর অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে কোন কাজ অসমাপ্ত নেই।

৮। **সাধারণ পর্যবেক্ষণ:**

৮.১ প্রকল্পের পটভূমি:

বাংলাদেশ সরকার দারিদ্র বিমোচনের লক্ষ্যে জাতীয় কৌশলপত্র প্রণয়ন করে এবং এর মাধ্যমে স্বাস্থ্য সংশ্লিষ্ট মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল ২০১৫ সালের মধ্যে অর্জনের জন্য জাতীয় পরিকল্পনা প্রণয়ন করে। নার্সিং শিক্ষার উন্নয়ন স্বাক্ষ্য সম্পর্কিত বিভিন্ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য । এছাড়া মাতৃমৃত্যু ও শিশুমৃত্যু হ্রাসকরণে এবং এইচআইভি/এইডস, ম্যালেরিয়া ইত্যাদি সহ সংক্রামক রোগ মোকাবেলা ও বিভিন্ন অসংক্রামক রোগের বিরুদ্ধে স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থা দৃঢ়করণের মাধ্যমে দারিদ্র ও ক্ষুধা নির্মুলের লক্ষ্যে নার্সিং ও মিডওয়াফারি সেবা ব্যবস্থার উন্নয়ন অপরিহার্য হিসেবে বিবেচিত হয়েছে। স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা সেক্টর কর্মসূচির এতদ সংক্রান্ত কার্যক্রমের পাশাপাশি নার্সিং ও মিডওয়াফারি শিক্ষাকে গুরুত্ব প্রদানের লক্ষ্যে বিদ্যমান নার্সিং কলেজে উন্নত সুবিধাদিসহ একটি নার্সিং কলেজ প্রতিষ্ঠার লক্ষ্যে বিবেচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৮.২ প্রকল্পের উদ্দেশ্য:

- নার্সিং বিষয়ে উচ্চ শিক্ষা অর্জনের পথ প্রশস্ত করা।
- বাংলাদেশ সরকারের সুবিধার্থে স্বাস্থ্য সেবা ব্যবস্থার জন্য প্রয়োজনিয় স্নাতক নার্স তৈরি করা।
- দেশের কমিউনিটি পর্যায় হতে বিশ্ববাজার পর্যন্ত নার্সদের ক্রমবর্ধমান চাহিদা পূরণ ।
- দেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য নার্স ও মিডওয়াইফদের ক্ষমতায়ন করা।
- উচ্চ শিক্ষা প্রদান করে আরও বেশি সংখ্যক মানসম্পন্ন শিক্ষিত নার্স তৈরি করা।

৮.৩ প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রম:

- শেরে-ই-বাংলা নগর, ঢাকায় ৫০০ শয্যার হাসপাতালের পাশে একটি নতুন মানের নার্সিং কলেজ নির্মাণ (শেরে-ই-বাংলা নগর, ঢাকায় একাডেমিক বিল্ডিং এবং ছাত্রী হোস্টেল নির্মাণ);
- বিদ্যমান নার্সিং কলেজ, মহাখালী, ঢাকায় শিক্ষক এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারিদের জন্য কোয়ার্টার নির্মাণ; এবং
- সারা দেশে প্রযুক্তিগত সহায়তা ও প্রশিক্ষণ প্রদান।

১১। **মাঠ পর্যায়ে পরিদর্শনে প্রাপ্ত তথ্য:** গত ০৫/১০/২০২১ ও ০১/০৩/২০২৩ তারিখে প্রকল্পটির আওতায় সম্পাদিত কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক/ প্রকল্প পরিচালকের প্রতিনিধি, নার্সিং করেজ দু'টির অধ্যক্ষসহ অন্যান্য শিক্ষকগণ এবং গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য ও পর্যবেক্ষন নিম্নরূপ:

ক) নির্মাণ কাজ: প্রকল্পের আওতায় শেরে বাংলানগরে একটি ১০তলা ভিতে ৯ তলা একাডেমিক ভবন, ৫০০ ছাত্রীর জন্য ১০তলা ভিতে ৯তলা ছাত্রী হোস্টেল ভবন, মহাখালীস্থ নার্সিং কলেজে শিক্ষকদের জন্য ৬তলা পর্যন্ত একটি আবাসিক ভবন ও ২০০ ছাত্রীর জন্য ৬ তলা ভিতে ৬ তলা ডরমেটরি ভবন নির্মাণ করা হয়েছে। ভবনসমূহ ব্যবহৃত হচ্ছে। শেরে বাংলানগরে প্রতিষ্ঠিত নার্সিং ও মিডওয়াফারী কলেজের ক্লিনিক্যাল প্রশিক্ষণের জন্য শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল ব্যবহৃত হচ্ছে। পরিদর্শনকালে জানা যায় যে, মেডিকেল কলেজ হাসপাতাল ও নার্সিং কলেজের মধ্যে সীমানা প্রাচীরে কোন গেট না থাকায় ছাত্রীদের অনেক রাস্তা ঘুরে হাসপাতালে যেতে হয়। রাতে হাসপাতালে যাতায়াত ছাত্রীদের নিরাপত্তার জন্য ঝুঁকিকর বলে কলেজ কর্তৃপক্ষ জানান। এছাড়া নার্সিং কলেজের ২য় তলায় লিফটের সামনের লাইটগুলোর জন্য কোন সুইচ না থাকায় ঐগুলো সার্বক্ষনিক জালিয়ে রাখতে হচ্ছে ফলে অনেক বিদ্যুৎ অপচয় হচ্ছে।

খ) যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় সংক্রান্ত তথ্যাদি: একাডেমিক ভবন ও হোস্টেলের জন্য প্রয়োজনীয় আসববাপত্র ক্রয় সম্পন্ন হয়েছে। এছাড়া সীমিত আকারে প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে।

গ) প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি: প্রকল্পের আওতায় মোট ৩১০৩ জনকে বিভিন্ন ক্যাটাগরির বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তম্মধ্যে মোট ১০৩ জনকে বিভিন্ন মেয়াদে বৈদেশিক প্রশিক্ষণ এবং ৩০০০ জনকে স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ রয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় ২০ জন নার্স বিদেশে নার্সিং বিষয়ে স্নাতকোত্তর কোর্স সম্পন্ন করেছেন। উক্ত খাতে ডিপিপিতে সংস্থানকৃত অর্থের পরিমান ১২.৯১ কোটি টাকার বিপরীতে ব্যয় হয়েছে ১৬.১০ কোটি টাকা। সংস্থানের চেয়ে বেশি ব্যয় করায় আর্থিক ও পরিকল্পনা শৃঙ্খলার ব্যত্যয় হয়েছে বলে প্রতীয়মান হয়।

ঘ) যানবাহন সংক্রান্ত তথ্যাদি: প্রকল্পের আওতায় ১টি কোষ্টার ও ১টি মাইক্রোবাস ক্রয় করা হয়েছে। কোষ্টারটি কলেজ অব নার্সিং, শেরে বাংলা নগর, ঢাকা এবং মাইক্রোবাসটি মহাখালী নার্সিং কলেজকে প্রদান করা হয়েছে।

১২। **প্রকল্পের সার্বিক অগ্রগতি:** প্রকল্পটির শুরু হতে সমাপ্তি পর্যন্ত সংশোধিত ডিপিপি'র সংস্থানকৃত ১০০০০.০০ লক্ষ টাকার বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮৮৪৪.৭২ লক্ষ টাকা, যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৮৮.৪৫% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থবছর	মূল ডিপিপি সংস্থান	সংশোধিত ডিপিপি সংস্থান	সংশোধিত এডিপিতে বরাদ্দ	অবমুক্ত	মোট ব্যয়	সমর্পণকৃত অর্থ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
২০১০-২০১১	২০০০.০০	২৯৪.৯১	২৯৪.৯১	২৯৪.৯১	২৯৪.৯১	-
২০১১-২০১২	৩০০০.০০	৮০২.০৮	৮০২.০৮	৮০২.০৮	৮০২.০৮	-
২০১২-২০১৩	৩০০০.০০	২১৯৮.৪৭	২১৯৮.৪৭	২১৯৮.৪৭	২১৯৮.৪৭	-
২০১৩-২০১৪	২০০০.০০	১৪৯৯.৪৬	১৪৯৯.৪৬	১৪৯৯.৪৬	১৪৯৯.৪৬	-
২০১৪-২০১৫	-	৩০০০.০০	৩০০০.০০	২০৭৪.১৭	২০৭৪.১৭	-
২০১৫-২০১৬	-	২২০৫.০৮	২২০৫.০৮	১৩১৪.৬৪	১৩১৪.৬৪	-
২০১৬-২০১৭	-	-	-	১৯৫.০০	১৯৫.০০	-
২০১৭-২০১৮	-	-	-	১৩৫.৯১	১৩৫.৯১	-
২০১৮-২০১৯	-	-	-	৩৩০.০৮	৩৩০.০৮	-
মোট:	১০০০০.০০	১০০০০.০০	১০০০০.০০	৮৮৪৪.৭২	৮৮৪৪.৭২	১১৫৫.২৮

তথ্য সূত্র: পিসিআর ও পরিদর্শনকালে প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী

১৩। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ওপদবী	যোগদানের তারিখ	বদলীর তারিখ
(১)	ডাঃ কাজী মুস্তফা সরোওয়ার পরিচালক (নার্সিং) ও প্রকল্প পরিচালক	০১/০৭/২০১১	২২/০২/২০১২
(২)	বেগম তাসলিমা বেগম পরিচালক (নার্সিং) ও প্রকল্প পরিচালক	২৩/০২/২০১২	২৮/০৮/২০১৪
(৩)	বেগম সুরাইয়া বেগম পরিচালক (নার্সিং) ও প্রকল্প পরিচালক	২৯/০৮/২০১৪	২৯/০১/২০১৫
(৪)	বেগম নিলুফার ফরহাদ উপপরিচালক (নার্সিং) ও প্রকল্প পরিচালক	৩০/০১/২০১৫	০৭/০৬/২০১৬
(৫)	নাসিমা পারভিন পরিচালক (নার্সিং) ও প্রকল্প পরিচালক	০৮/০৬/২০১৬	১৫/১১/২০১৬
(৬)	ডাঃ কাজী মুস্তফা সরোওয়ার মহাপরিচালক (নার্সিং ও মিডওয়াফারী) (অতিরিক্ত সচিব) ও প্রকল্প পরিচালক	১৬/১১/২০১৬	৩১/১২/২০১৬
(৭)	তন্দ্রা শিকদার মহাপরিচালক (নার্সিং ও মিডওয়াফারী) (অতিরিক্ত সচিব) ও প্রকল্প পরিচালক	১৩/০৩/২০১৭	৩০/০৬/২০১৯

১৪। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:** প্রকল্প পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্যের প্রেক্ষিতে অর্জিত ফলাফল নিম্নরুপ:

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল
১	নার্সিং বিষয়ে উচ্চ শিক্ষা অর্জনের পথ প্রশস্ত করা।	নার্সিং বিষয়ে উচ্চ শিক্ষা অর্জনের পথ প্রশস্ত হয়েছে।

	পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
২	বাংলাদেশ সরকারের সুবিধার্থে স্বাস্থ্য সেবা ব্যবস্থার জন্য প্রয়োজনীয় স্নাতক নার্স তৈরি করা।	বাংলাদেশ সরকারের সুবিধার্থে স্বাস্থ্যসেবা ব্যবস্থার জন্য প্রয়োজনীয় স্নাতক নার্স তৈরির সুবিধা বৃদ্ধি পেয়েছে।
৩	দেশের কমিউনিটি পর্যায় হতে বিশ্ববাজার পর্যন্ত নার্সদের ক্রমবর্ধমান চাহিদা পূরণ ।	দেশের কমিউনিটি পর্যায় হতে বিশ্ববাজার পর্যন্ত নার্সদের ক্রমবর্ধমান চাহিদা পূরণে সহায়ক হয়েছে।
৪	দেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য নার্স ও মিডওয়াইফদের ক্ষমতায়ন করা।	দেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য নার্স ও মিডওয়াইফদের ক্ষমতায়নের সুযোগ বৃদ্ধি পেয়েছে।
৫	উচ্চ শিক্ষা প্রদান করে আরও বেশি সংখ্যক মানসম্পন্ন শিক্ষিত নার্স তৈরি করা।	উচ্চ শিক্ষা প্রদান করে আরও বেশি সংখ্যক মানসম্পন্ন শিক্ষিত নার্স তৈরির সুযোগ সৃষ্টি হয়েছে এবং ইতোমধ্যে কলেজের ১ম ব্যাচে ৯৯ জন স্নাতক ডিগ্রী লাভ করেছেন।

১৫। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: পিসিআর ও প্রকল্প পরিদর্শনে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১৬। পরিদর্শনকারে কিছু স্থিরচিত্র:



নার্সিং কলেজ ভবন, শেরেবাংলানগর


ছাত্রী হোস্টল ভবন, শেরেবাংলানগর



কলেজ হোস্টেল, নীচতলা



কলেজ হোস্টেল



কলেজ ভবনের দ্বিতীয় তলায় লিফ্টের সামনের অংশ



ছাত্রীদের কিয়দংশ

১৭। পরিদর্শনকালে পর্যবেক্ষণ:

(ক) সংশোধিত ডিপিপি পর্যালোচনা এবং প্রকল্প এলাকা পরিদর্শনকালে জানা যায় যে, প্রকল্পের আওতায় শেরে বাংলানগর এলাকায় নার্সিং কলেজের জন্য একটি একাডেমিক ভবন এবং ৫০০ সিটের একটি ছাত্রী হোস্টেল ভবন নির্মাণ করা হয়েছে। একাডেমিক ভবনে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। মূল ডিপিপি-তে শেরে বাংলানগর ক্যাম্পাসে শিক্ষক ও ৩য়/৪র্থ শ্রেণির কর্মচারিদের জন্য আবাসিক ভবন নির্মাণের সংস্থান থাকলেও প্রয়োজনীয় জমি না পাওয়ায় তা বাস্তবায়ন করা যায়নি। ফলে ডিপিপি সংশোধন করে মহাখালিতে শিক্ষকদের জন্য আবাসিক ভবন নির্মাণ করা হয়েছে। এর ফলে সামগ্রিক ব্যবস্থাপনায় সমস্যা হচ্ছে বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানান। নার্সিং কলেজের নিকটবর্তী এলাকায় আবাসনের ব্যবস্থা করা হলে এ সমস্যার স্থায়ী সমাধান হবে বলে মতামত ব্যক্ত করা হয়।

(খ) শেরে বাংলানগর নার্সিং কলেজ এবং শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল-এর মধ্যে নার্সিং কলেজের ছাত্রীদের জন্য অভ্যন্তরীন যাতায়াতের ব্যবস্থা চালু করা হলে রাতে ছাত্রীদের হাসপাতালে যাতায়াত নিরাপদ হতে পারে।

(গ) শেরে বাংলানগর নার্সিং কলেজের ২য় তলায় লিফটের সামনের লাইটগুলোর জন্য কোন সুইচ না থাকায় ঐগুলো সার্বক্ষনিক জালিয়ে রাখতে হচ্ছে ফলে অনেক বিদ্যুৎ অপচয় হচ্ছে।

(ঘ) প্রকল্পের আওতায় উচ্চশিক্ষা অর্জনকারীদের (বিদেশে স্নাতকোত্তর ডিগ্রীধারী) মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হলে প্রকল্পের অর্জন বৃদ্ধি পাবে এবং Multiple effect পাওয়া যাবে।

(ঙ) আধুনিক নার্সিং শিক্ষায় বিভিন্ন ধরণের সিমুলেশন ল্যাবরেটরিতে ব্যবহারিক কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। শেরে বাংলানগর এলাকায় প্রতিষ্ঠিত নার্সিং ও মিডওয়াইফারি কলেজে প্রয়োজনীয় সিমুলেশন ল্যাব না থাকায় শিক্ষার্থীরা আধুনিক পদ্ধতিতে শিক্ষা গ্রহণ হতে বঞ্চিত হচ্ছে বলে প্রতীয়মান হয়।

১৮। সুপারিশ/মতামত:

ক) শেরে বাংলানগর বা কলেজের নিকটবর্তী এলাকায় আবাসনের লক্ষ্যে প্রয়োজনীয় জমির সংস্থান করা যায় কী না তা পরীক্ষা করে কলেজের সন্নিকটে শিক্ষকসহ অত্যাবশ্যকীয় জনবলের আবাসনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে;

খ) ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করণে শেরে বাংলানগর নার্সিং কলেজ এবং শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল-এর মধ্যে যাতায়াতের জন্য অভ্যন্তরীন যোগাযোগ ব্যবস্থা চালুর বিষয়টি বিবেচনা করা যেতে পারে;

গ) শেরে বাংলানগর নার্সিং কলেজের ২য় তলায় লিফটের সামনের লাইটগুলোর জন্য সুইচের ব্যবস্থাসহ অন্যান্য সকল বৈদ্যুতিক সমস্যা সমধান করে আইএমইডি'কে অবহিত করতে হবে;

ঘ) প্রকল্পের আওতায় উচ্চশিক্ষা অর্জনকারীদের মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালনা বিষয়টি পরীক্ষা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে;

ঙ) উন্নত বিশ্বের মত আধুনিক নার্সিং শিক্ষার জন্য শেরে বাংলানগর নার্সিং কলেজে প্রয়োজনীয় সংখ্যক সিমুলেশন ল্যাবরেটরি স্থাপনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে;

চ) অনুচ্ছেদ ক) হতে ঙ) এ উল্লিখিত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডি'কে প্রতিবেদন জারীর ৩০ কার্যদিবসের মধ্যে অবহিত করতে হবে।

লালকুঠি মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্রের অসম্পূর্ণ কাজ সমাপ্তকরণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ৩০ জুন ২০১৯)

১। **প্রকল্পের নাম** : লালকুঠি মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্রের অসম্পূর্ণ কাজ সমাপ্তকরণ।

২। **প্রকল্পের অবস্থান** : ৩০, ৩১, ৩২ লালকুঠি বাজার, মাজাররোড, মিরপুর-১, ঢাকা।

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

৪। **প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় (লক্ষ টাকায়):**

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৪১৯২.৩৭	৪৮০০.৫০	৪৪০৬.৪০	০১/০১/২০১৬ থেকে ৩১/১২/২০১৭	০১/০১/২০১৬ থেকে ৩০/০৬/২০১৯	০১/০১/২০১৬ থেকে ৩০/০৬/২০১৯	২১৪.০৩ (৫.১১%)	১ বছর ৬ মাস (৭৫%)

৬। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (লক্ষ টাকায়):**

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		মন্তব্য/প্রকৃত ব্যয় হ্রাস/বৃদ্ধি (-/+)'র কারণ
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
	(ক) রাজস্ব ব্যয়:						
(১)	প্রচার ও প্রচারনা	থোক		৫.০০		৪.৭১	অন্যান্য ব্যয়ের অংশ
(২)	ট্যালেক্স/ফ্যাক্স/ইন্টারনেট	থোক		১.০০		০.৬৭	
(৩)	পেট্রোল ও লুব্রিক্যান্ট	থোক		৬.০০		০.২১	
(৪)	স্ট্যাশনারি, সীল ও স্ট্যাম্প	থোক		১০.০০		৬.৯৯	
(৫)	কনজিউমেবল	থোক		৩০.০০		৩২.০০	
(৬)	টিকা ও ঔষধ	প্রকার	১৭০	১৫০.০০	১৭০	১৪৬.০১	
(৭)	বেডিং	সংখ্যা	২৪০০	৩৬.২০	২৪০০	৩৬.২০	
(৮)	ফটোকপি	থোক		২.০০		০.৯৭	
(৯)	কম্পিউটার সামগ্রি	সংখ্যা	৫০	৫.০০	৫০	৪.৯৯	
(১০)	অন্যান্য ব্যয়	থোক		২০.০০		১২.৬৬	
(১১)	অন্যান্য মেরামত			৩৫.৮৫		১৪.৮৪	
	উপ-মোট (ক):			**৩০১.০৫**		**২৬০.২৫**	
	(খ) মূলধন ব্যয়:						
(১২)	যানবাহন (এ্যাম্বুলেন্স)	সংখ্যা	২	৯০.০০	২	৮৩.৯৭	
(১৩)	মেডিকেল যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম	সংখ্যা	৩৮২৩	১,২৫৫.৩৪	৩৮২৩	১,২১৫.৭৩	
(১৪)	কম্পিউটার ও অন্যান্য সরঞ্জামাদি	সংখ্যা	৯০	৫০.০৫	৯০	৪৭.০০	
(১৫)	কম্পিউটার সফ্টওয়ার	সংখ্যা	১	৫.০০	১	৪.৯৭	

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		মন্তব্য/প্রকৃত ব্যয় হ্রাস/বৃদ্ধি (-/+)'র কারণ
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
(১৬)	ফার্নিচার এন্ড ফিক্সারস্	সংখ্যা	৩৪৪১	১৫৯.১৮	৩৪৪১	১৪৭.৬০	
(১৭)	অবকাঠামো নির্মাণ	ব.ফু.	৪৭১৪৮	২,৯৩৯.৮৮	৪৭১৪৮	২,৬৪৬.৮৮	
	উপ-মোট (খ):			**৪,৪৯৯.৪৫**		**৪,১৪৬.১৫**	
	মোট (ক+খ):			**৪,৮০০.৫০**		**৪,৪০৬.৪০**	

তথ্যসূত্র: পিসিআর ও প্রকল্প অফিসের তথ্য অনুযায়ী

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রাপ্ত পিসিআর অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে কোন কাজ অসমাপ্ত নেই।

৮। **সাধারণ পর্যবেক্ষণ:**

৮.১ প্রকল্পের পটভূমি:

লালকুঠি মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্রের অসম্পূর্ণ কাজ সমাপ্তকরণ আওতায় জিওবি অর্থায়নে নির্মিত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতায় পরিবার পরিকলপনা অধিদপ্তরাধীন মাতৃ ও শিশুস্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং ২০০ শয্যা বিশিষ্ট মাতৃ ও শিশু স্বাস্থ্য হাসপাতাল, লালকুঠি, মিরপুর, ঢাকা একটি আধুনিক বিশেষায়িত হাসপাতাল। প্রতিষ্ঠানটি ঢাকাস্থ মিরপুর, দারুস সালাম থানাধীন ১০ নম্বর ওয়ার্ডের হোল্ডিং নং-৩০, ৩১, ৩২ মাজাররোড, লালকুঠি এলাকায় অবস্থিত। এ প্রতিষ্ঠানটি ২০০৬ সালে ১ম পর্যায়ে "Establishment of Maternal and Child Health Training and Research Institute (MCHTRI)" at Lalkuthi, Mirpur, Dhaka প্রকল্পের মাধ্যমে নির্মাণ কাজ শুরু হয়। প্রকল্পটি অসমাপ্ত অবস্থায় কাজ শেষ হয় জুন/২০০৯ সালে। প্রশাসনিক জটিলতার কারণে দীর্ঘ আট বছর কাজ বন্ধ থাকে। অতঃপর ২য় পর্যায়ে জানুয়ারি-২০১৬ হতে ডিসেম্বর-২০১৭ "লালকুঠি মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্রের অসম্পূর্ণ কাজ সমাপ্তকরণ" প্রকল্প গ্রহণ করে পুনরায় নির্মাণ কাজ শুরুর লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮.২ প্রকল্পের উদ্দেশ্য:

- ২০০ শয্যাবিশিষ্ট (আন্তঃ ও বহিঃ বিভাগ) হাসপাতাল সেবার মাধ্যমে লালকুঠি, মিরপুর এলাকার প্রায় ৩০ লক্ষ জনগোষ্টির মাতৃ স্বাস্থ্য ও শিশু স্বাস্থ্য সেবা, কৈশোরকালীন স্বাস্থ্য সেবা, প্রজনন স্বাস্থ্য সেবা এবং পুষ্টি সেবা প্রদান করা;
- অসুরক্ষিত জনগোষ্ঠির নিরাপদ মাতৃত্ব সেবা এবং শিশু স্বাস্থ্য সেবা প্রদানের মাধ্যমে সরকারের " টেকসই উন্নয়ন লক্ষ্য ২০৩০" অর্জনে সহায়তা করা;
- মাতৃ স্বাস্থ্য ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের মাধ্যমে সরকারের "ভিশন ২০২১" অর্জনে সহায়তা করা;
- উক্ত এলাকার জনগোষ্ঠির মধ্যে পরিবার পরিকল্পনা সেবা প্রদানের মাধ্যমে ২০২২ সালের মধ্যে মোট প্রজনন হার-২ অর্জনে সহায়তা করা;
- প্রশিক্ষণের মাধ্যমে সারাদেশের জন্য বিশেষায়িত এবং দক্ষ জনশক্তি তৈরি করা; এবং
- উপজেলা পর্যায়ের এমসিএইচ-এফপি ইউনিট এবং জেলা পর্যায়ের মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মধ্যে সংযোগ স্থাপনের মাধ্যমে একটি Tertiary level এর সেবা কেন্দ্র হিসেবে গড়ে তোলা।

৮.৩ প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রম:

- হাসপাতাল ভবনের ৭ম তলা থেকে ১০ ম তলা পর্যন্ত নতুনভাবে নির্মাণ কাজ এবং ১ম থেকে ৬ষ্ঠ তলা পর্যন্ত অসমাপ্ত যাবতীয় কাজ করা;

- কোর্টার সমূহের স্যানেটারি ও বৈদ্যুতিক ফিনিশিংসহ যাবতীয় মেরামত ও সংস্কার করা;
- গেট ও গেট হাউজসহ বাউন্ডারি ওয়াল নির্মাণ করা;
- অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ করা;
- ডিপটিউবওয়েল স্থাপন করা;
- বৈদ্যুতিক সাব-ষ্টেশন স্থাপন এবং জেনারেটর সরবরাহ করা;
- অগ্নি নির্বাপন ব্যবস্থা স্থাপন করা;
- লিফট কোরসহ ২টি লিফট স্থাপন করা; এবং
- হাসপাতাল কার্যক্রম পরিচালনার জন্য আনুসাংগিক যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় করা।

৯। মাঠ পর্যায়ে পরিদর্শনে প্রাপ্ত তথ্য:

গত ২৯/০৯/২০২১ ও ২৭/০২/২০২৩ তারিখে প্রকল্পটির আওতায় সম্পাদিত কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে জানা যায় যে, জানুয়ারি-২০১৬ হতে ডিসেম্বর-২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্প প্রথম সংশোধনের মাধ্যমে মেয়াদ ডিসেম্বর-২০১৮ সাল পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে আবারও ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির মাধ্যমে প্রকল্পের মেয়াদ জুন-২০১৯ পর্যন্ত বর্ধিত করা হয়।

প্রতিষ্ঠানটিতে দুই ধরনের কার্যক্রম পরিচালিত হচ্ছে যথা: (ক) ২০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল কার্যক্রম (খ) প্রশিক্ষণ কার্যক্রম। উল্লিখিত কার্যক্রমসমূহ ৪টি ইউনিট যথা (১) প্রশাসনিক ইউনিট, (২) প্রশিক্ষণ ইউনিট, (৩) নার্সিং ইউনিট ও (৪) ক্লিনিক্যাল ইউনিট মাধ্যমে পরিচালিত হচ্ছে। ক্লিনিক্যাল ইউনিটের বিভাগসমূহ হল: ১. গাইনি এন্ড অবস বিভাগ ২. শিশু বিভাগ ৩. নবজাতক বিভাগ ৪. প্যাথোলজি বিভাগ ৫. এ্যানেসথেসিয়া বিভাগ ৬. রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগ ৭. ডায়াগনোস্টিক বিভাগ ৮. ব্লাড ব্যাংক ৯. বন্ধ্যাত্ব বিভাগ ১০. প্রজনন স্বাস্থ্য বিভাগ এবং ১১. জরুরি বিভাগ।

হাসপাতালের মাধ্যমে যেসব সেবা প্রদান করা হচ্ছে তা হলোঃ (১) ২৪ ঘন্টা মাতৃ ও শিশু স্বাস্থ্য সেবা (আন্তঃ ও বহিঃ বিভাগের মাধ্যমে) (২) প্রজনন স্বাস্থ্য সেবা (৩) পরিবার পরিকল্পনা সেবা (৪) কৈশোরকালীন স্বাস্থ্য সেবা (৫) বন্ধ্যাত্ব সেবা ও (৬) পুষ্টিসেবা। বিশেষায়িত ও দক্ষ জনবল তৈরির জন্য প্রশিক্ষণ ইউনিটের মাধ্যমে যেসব প্রশিক্ষণ প্রদান করা হবে তা হলোঃ (১) মাতৃ ও শিশু স্বাস্থ্য বিষয়ক (২) প্রজনন স্বাস্থ্য বিষয়ক (৩) পরিবার পরিকল্পনা বিষয়ক এবং (৪) পুষ্টি বিষয়ক। প্রকল্পের কার্যক্রম সম্পর্কে প্রাপ্ত তথ্য ও পর্যবেক্ষণ নিম্নরূপ:

ক) নির্মাণ কাজ: প্রকল্পের আওতায় লালকুঠি মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্রের জন্য হাসপাতাল ভবনের ৭ম তলা থেকে ১০ম তলা পর্যন্ত নতুনভাবে নির্মাণ করা হয় এবং ১ম থেকে ৬ষ্ঠ তলা পর্যন্ত প্রথম পর্যায়ের আওতায় নির্মাণের পর অসমাপ্ত যাবতীয় কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া ৬ তলা বিশিষ্ট ৩ টি আবাসিক ভবনের নির্মাণ এবং আনুসঙ্গিক কাজ প্রকল্পের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। আনুসঙ্গিক নির্মাণ কাজের মধ্যে অভ্যন্তরীণ রাস্তাঘাট ও সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে। প্রকল্পের আওতায় লিফ্ট স্থাপন, একটি ৮০০কেভিএ সাবস্টেশন স্থাপন, ৩০০কেভিএ জেনারেটর স্থাপন ও অন্যান্য বৈদ্যুতিক কার্যক্রম সম্পাদন করা হয়েছে। পানি ও গ্যাস সংযোগ প্রকল্পের আওতায় সম্পন্ন করা হয়েছে।

খ) যন্ত্রপাতি সংগ্রহ: প্রকল্পের আওতায় হাসপাতালের জন্য বিভিন্ন ধরণের যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন, হাসাপাতালের প্যাথলজিকেল ল্যাবরেটরি ও ব্লাড ব্যাংকের প্রয়োজনীয় যন্ত্রপাতি, রিএজেন্ট ও এমএসআর (মেডিকেল এন্ড সার্জিকেল রিকুইজিটস্) সংগ্রহ করা হয়েছে। এছাড়া কেন্দ্রীয়ভাবে অক্সিজেন প্ল্যান্ট ও ওয়াশিং প্ল্যান্ট স্থাপন করা হয়েছে।

গ) আসবাবপত্র সংগ্রহ: প্রকল্পের আওতায় হাসপাতালের জন্য বিভিন্ন ধরণের প্রয়োজনীয় আসবাবপত্র সংগ্রহ করা হয়েছে।

ঘ) গাড়ি সংগ্রহ: প্রকল্পের আওতায় ২টি এম্বুলেন্স সংগ্রহ করা হয়েছে।

(ঙ) ক্রয় সংক্রান্ত: প্রকল্পের আওতায় ক্রয় কার্যক্রম পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ অনুসরণে বাস্তবায়িত হয়েছে বলে জানা যায় (বিস্তারিত পরিশিষ্ট-ক)।

পরিদর্শনকালে প্রকল্পের আওতায় নির্মিত হাসপাতাল ভবন ব্যবহৃত হতে দেখা গেছে এবং হাসপাতালের যন্ত্রপাতি ও আসবাবপত্র ব্যবহৃত হচ্ছে।

১০। প্রকল্পের সার্বিক অগ্রগতি : প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০% অর্জিত হয়েছে বলে প্রকল্প পরিচালক জানান। প্রকল্পে আর্থিক অগ্রগতি ৯১.৮%। সংশোধিত ডিপিপি'র সংস্থানকৃত ৪৮০০.৫০ লক্ষ টাকার বিপরীতে অবমুক্ত হয়েছে ৪৫০৮.০০লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৪৪০৬.৪০ লক্ষ টাকা। অবশিষ্ট ১০১.৬০ লক্ষ টাকা যথানিয়মে সরকারি কোষাগারে সমর্পণ করা হয়েছে।

(লক্ষ টাকায়)

অর্থবছর	মূল ডিপিপি সংস্থান	সংশোধিত ডিপিপি সংস্থান	সংশোধিত এডিপিতে বরাদ্দ	অবমুক্ত	মোট ব্যয়	সমর্পণকৃতঅর্থ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
২০১৭-২০১৮	৯০৬.০০	৯০৬.০০	৯০৬.০০	৯০৬.০০	৯০৫.৭১	০.২৯
২০১৮-২০১৯	৩২৮৬.৩৭	৩৮৯৪.৫০	৩৬০২.০০	৩৬০২.০০	৩৫০০.৬৯	১০১.৩১
মোট=	৪১৯২.৩৭	৪৮০০.৫০	৪৫০৮.০০	৪৫০৮.০০	৪৪০৬.৪০	১০১.৬০

তথ্যসূত্র: পিসিআরও পরিদর্শনকালে প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী

১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবি	হইতে	পর্যন্ত
০১।	ডা: মো: শামছুল করিম, উপপরিচালক, পরিবার পরিকলপনা অধিদপ্তর	১০-১১-২০১৬	৩০-০৬-২০১৯ খ্রি:

১২। অডিট সম্পর্কিত তথ্যাদি:

প্রকল্পের আওতায় সম্পাদাত ক্রয় কার্যক্রমের অডিট সম্পন্ন হয়েছে এবং কোন আপত্তি উত্তাপিত হয়নি বলে জানান হয়।

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জণ:

প্রকল্প পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্যের প্রেক্ষিতে অর্জিত ফলাফল নিম্নরুপ:

ক্রম	পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
(১)	হাসপাতাল ভবনের ৭ম তলা থেকে ১০ ম তলা পর্যন্ত নতুনভাবে নির্মাণ কাজ এবং ১ম থেকে ৬ষ্ঠ তলা পর্যন্ত অসমাপ্ত যাবতীয় কাজ করা।	হাসপাতাল ভবনের ৭ম তলা থেকে ১০ ম তলা পর্যন্ত নতুনভাবে নির্মাণ কাজ এবং ১ম থেকে ৬ষ্ঠ তলা পর্যন্ত অসমাপ্ত যাবতীয় কাজ সমাপ্ত করা হয়েছে।
(২)	কোর্টার সমূহের স্যানেটারি ও বৈদ্যুতিক ফিনিশিংসহ যাবতীয় মেরামত ও সংস্কার করা।	কোর্টার সমূহের স্যানেটারী ও বৈদ্র্যতিক ফিনিশিংসহ যাবতীয় মেরামত ও সংস্কার করা হয়েছে।
(৩)	গেট ও গেট হাউজসহ বাউন্ডারি ওয়াল নির্মাণ করা।	গেট ও গেট হাউজসহ বাউন্ডারী ওয়াল নির্মাণ করা।
(৪)	অভ্যন্তরীন রাস্তা নির্মাণ করা।	অভ্যন্তরীন রাস্তা নির্মাণ করা হয়েছে।
(৫)	ডিপটিউবওয়েল স্থাপন করা।	ডিপটিউবওয়েল স্থাপন করা হয়েছে।
(৬)	বৈদ্যুতিক সাব-ষ্টেশন স্থাপন এবং জেনারেটর সরবরাহ করা।	বৈদ্যুতিক সাব-ষ্টেশন স্থাপন এবং জেনারেটর সরবরাহ করা হয়েছে।
(৭)	অগ্নি নির্বাপন ব্যবস্থা স্থাপন করা।	অগ্নি নির্বাপন ব্যবস্থা স্থাপন করা হয়েছে।
(৮)	লিফট কোরসহ ২টি লিফট স্থাপন করা।	লিফট কোরসহ ২টি লিফট স্থাপন করা হয়েছে
(৯)	হাসপাতাল কার্যক্রম পরিচালনার জন্য আনুসঙ্গিক	হাসপাতাল কার্যক্রম পরিচালনার জন্য আনুসঙ্গিক

	যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় করা।	যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় করা হয়েছে।

১৪। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:

পিসিআর ও প্রকল্প পরিদর্শনে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১৫। পরিদর্শনকালে পর্যবেক্ষণ:

(ক) নির্মাণ সংক্রান্ত: প্রকল্প এলাকা পরিদর্শনকালে হাসপাতাল ভবনের কিছু কিছু অংশে বৃষ্টির পানি প্রবেশ করে বলে জানা যায়। হাসপাতালের অভ্যন্তরে বৃষ্টির পানি প্রবেশ করলে হাসপাতালের অভ্যন্তরের পরিবেশ দুষিত হবার এবং দুর্ঘটনার আশঙ্কা রয়েছে।

(খ) সফটওয়ারের ব্যবহার: হাসপাতালে আগত সেবা প্রত্যাশীদের কার্ডপ্রদানের মাধ্যমে রেজিষ্ট্রেশন ও বিভিন্ন সেবা প্রদান করতে দেখা যায়। এর ফলে সামগ্রিক সেবা ব্যবস্থাপনা সহজ হয়েছে বলে প্রতীমান হয়।

(গ) অন্যান্য: প্রকল্পের আওতায় সংগৃহীত হাসপাতালের যন্ত্রপাতি ও আসবাবপত্র ইত্যাদির তালিকা প্রত্যেকটি ওয়ার্ড ও কক্ষে সঠিক নিয়মে সংরক্ষণ করা হচ্ছে না। ফলে এগুলোর সঠিক পরিসংখ্যান সংরক্ষণ টেকসই না হবার আশঙ্কা রয়েছে।

১৬। প্রকল্প পরিদর্শকালের স্থিরচিত্র:



নির্মিত হাসপাতাল ভবন



নির্মিত আবাসিক ভবন



হাসপাতারের ওটি কমপ্লেক্স



হাসপাতালে আগত সেবা প্রতাশিদের রেজিস্ট্রেশন



হাসপাতলে আগত সেবা প্রত্যাশিদের অপেক্ষা



বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক হাসপাতালে সেবা প্রদান

১৭। সুপারিশ/মতামত:

(ক) হাসপাতালের অভ্যন্তরে বৃষ্টির পানি প্রবেশরোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

(খ) প্রকল্পের আওতায় সংগৃহীত হাসপাতালের যন্ত্রপাতি ও আসবাবপত্র ইত্যাদির তালিকা প্রত্যেকটি ওয়ার্ড ও কক্ষে সঠিক নিয়মে সংরক্ষণ করতে হবে।

(গ) হাসপাতালে আগত সেবা প্রত্যাশীদের কার্ডপ্রদানের মাধ্যমে রেজিষ্ট্রেশন ও বিভিন্ন সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করায় সামগ্রিক সেবা ব্যবস্থাপনা সহজ হয়েছে, যা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন অনুরূপ হাসপাতালগুলোতে অনুসরণের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

(ঘ) অনুচ্ছেদ (ক) হতে (গ) এ উল্লিখিত সুপারিশের আলোকে গৃহিত ব্যবস্থা সম্পর্কে আইএমইডি'কে প্রতিবেদন জারির পরবর্তি ৩০ কার্যদিবসের মধ্যে অবহিত করতে হবে।

পরিশিষ্ট-ক

'**লালকুঠি মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্রের অসম্পূর্ণ কাজ সমাপ্তকরণ**' প্রকল্পের ক্রয় সম্পর্কিত তথ্যাদি (প্রধান ক্রয় সমূহ)

ক) পণ্য ক্রয় (লক্ষ টাকায়)-

প্যাকেজের নাম	প্যাকেজ নং	আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়	টেন্ডার আহবানের তারিখ	পত্রিকার নাম ও পত্রিকায় প্রকাশের তারিখ	টেন্ডার উন্মুক্তরণের তারিখ	চুক্তির তারিখ	চুক্তিমূল্য	চুক্তি অনুযায়ী ক্রয় সম্পাদনের তারিখ	প্রকৃত ক্রয় সম্পাদনের তারিখ	পরিশোধিত মূল্য
বিছানাপত্র	জিডি-০২	৩৬.২০	০৬/১০/২০১৮	০৬/১০/২০১৮ (দৈনিক ইত্তেফাক) The Daily Star	০৬/১০/২০১৮	১/৯/২০১৮	২৬.৮৫	৩০/১২/২০১৮	৩০/১২/২০১৮	২৬.৮৫
মোটরযান (এ্যাম্বুলেন্স)	জিডি-০৩	৯০.০০	০৬/১০/২০১৮	০৬/১০/২০১৮ (দৈনিক ইত্তেফাক) The Daily Star	০৬/১০/২০১৮	১/৯/২০১৮	৮৩.৯৭	৩০/১২/২০১৮	৩০/১২/২০১৮	৮৩.৯৭
মেশিনারীজ ও ইকুউপমেন্ট (হাসপাতাল ও যন্ত্রপাতি)	জিডি-০৪	৮৩০.৫৩	০৬/১০/২০১৮	০৬/১০/২০১৮ (দৈনিক ইত্তেফাক) The Daily Star	০৬/১০/২০১৮	১/৯/২০১৮	৮০৬.০৮	৩০/১২/২০১৮	৩০/১২/২০১৮	৮০৬.০৮
মেশিনারীজ ও ইকুউপমেন্ট (রেডিওলজি এন্ড ইমেজিং)	জিডি-০৫	৯১.৮৪	০৬/১০/২০১৮	০৬/১০/২০১৮ (দৈনিক ইত্তেফাক) The Daily Star	০৬/১০/২০১৮	১/৯/২০১৮	৮৮.০৩	৩০/১২/২০১৮	৩০/১২/২০১৮	৮৮.০৩
মেশিনারীজ ও ইকুউপমেন্ট (প্যাথলজি, ব্লাড ব্যাংকযন্ত্রপাতি, রি-এজেন্ট ও এমএসআর)	জিডি-০৬	১৩৪.৫২	০৬/১০/২০১৮	০৬/১০/২০১৮ (দৈনিক ইত্তেফাক) The Daily Star	০৬/১০/২০১৮	১/৯/২০১৮	১৩৪.৩৮	৩০/১২/২০১৮	৩০/১২/২০১৮	১৩৪.৩৮
মেশিনারীজ ও ইকুউপমেন্ট (অক্সিজেন ও ওয়াসিংপ্ল্যান্ট)	জিডি-০৭	১৪৬.০০	০৯/১১/২০১৮	০৯/১১/২০১৮ (দৈনিক ইত্তেফাক) The Daily Star	০৬/১০/২০১৮	১/৯/২০১৮	১৪৪.৮৮	৩০/১২/২০১৮	৩০/১২/২০১৮	১৪৪.৮৮

২৫০ শয্যা বিশিষ্ট জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল স্থাপন শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন ২০১৯)

১। প্রকল্পের নাম : ২৫০ শয্যা বিশিষ্ট জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল স্থাপন

২। প্রকল্পের অবস্থান : প্লট - এফ ৭ ও ৮, শেরে বাংলা নগর, ঢাকা ১২০৭

৩। বাস্তবায়নকারীসংস্থা : স্বাস্থ্য অধিদপ্তর

৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/স্বাস্থ্য সেবা বিভাগ

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় (লক্ষ টাকায়):

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৮৭৭৫.৬৩	১৩৩৪৭.৭৭	১২৪০১.৬২	১/৭/২০০৩ হতে ৩০/৬/২০০৬	০১/০৭/২০০৩ হতে ৩০/০৬/২০১৯	০১/০৭/২০০৩ হতে ৩০/০৬/২০১৯	৩৬২৫.৯৯ (৪১.৩২%)	১৩ বছর (৪৩৩.৩৩%)

৬।প্রকল্পের অংগ ভিত্তিক বাস্তবায়ন (প্রাপ্ত পিসিআর-এর ভিত্তিতে) (লক্ষ টাকায়):

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		প্রকৃত ব্যয় হ্রাস/বৃদ্ধি (-/+)'র কারণ
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
	(ক) রাজস্ব ব্যয়:						
১	কর্মকর্তাদের বেতন		-	-	-	-	-
২	কর্মচারীদের বেতন	৪	-	৪০.১১	-	৩০.৮৬	-
৩	ভাতাদি	৪	-	৫২.৪০	-	৪৬.০৫	-
৪	কন্টিজেন্সি		-	২০.০০	-	১৬.৭৭	-
৫	বুক ও জার্নাল		-	৯৫.০০	-	৯৪.৯৯	-
৬	ফরেন ট্রেনিং		-	২৫.০০	-	১৪.০৮	-
৭	টেলিফোন/ফ্যাক্স/ইন্টারনেট		-	৫.০০	-	২.৫৬	
৮	পেট্রোল, ওয়েল ও লুব্রিক্যান্ট		-	৫.০০	-	৪.৯৫	-
৯	এমএসআর		-	১৯.৫৩	-	১৯.৫২	-
১০	কিচেন সামগ্রী		-	৩.১০	-	৩.০৮	-
১১	অন্যান্য ব্যয় (লজিস্টিক, নতুন ভবনে শিফটিং, প্রচার প্রচারনতা, এন্টারটেইনমেন্ট ইত্যাদি		-	৬০.১০	-	৫৫.০২	-
	উপ-মোট (ক):			**৩২৫.২৪**		**২৮৭.৮৮**	**-**
	(খ) মূলধন ব্যয়:						-
১২	যানবাহন (এ্যাম্বুলেন্স-২টি ও পিকআপ-১টি)	সংখ্যা	৩	৫৭.০০	৩	৫৬.৯৫	-
১৩	মেডিকেল যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম (ফরেন)		-	৪৭১৮.৮৬	-	৪৩৩২.৩১	-
১৪	মেডিকেল যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম (লোকাল)			১৬১১.৮৫		১৫০৩.২৫	
১৫	ফার্নিচার এন্ড ফিক্সারস্	৭৯	-	২৬১.০১	-	২৬১.০১	-
১৬	অফিস সরন্জাম		-	৬.৮৫	-	২.৮৪	-

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		প্রকৃত ব্যয় হ্রাস/বৃদ্ধি (-/+)'র কারণ
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
১৭	ক্লোজ সার্কিট ক্যামেরা	১		১৭.৮৩		১৭.৮৩	
১৮	ডিপ টিউবওয়েল	১		৪২.৮৩		৪২.৮৩	
১৯	জমি অধিগ্রহণ	একর		৫৪৪.৩০		৫৪৪.০০	-
২০	অবকাঠামো নির্মাণ		-	৫৪১২.০০	-	৫১১২.০০	-
	উপ-মোট (খ):			**১৩০২২.৫৩**		**১২১১৩.৭৪**	**-**
	মোট (ক+খ):			**১৩৩৪৭.৭৭**		**১২৪০১.৬২**	

তথ্যসূত্র:পিসিআরও প্রকল্প অফিসের তথ্য অনুযায়ী

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রাপ্ত পিসিআর অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে কোন কাজ অসমাপ্ত নেই।

৮। সাধারণ পর্যবেক্ষণ:

৮.১ প্রকল্পের পটভূমি:

ঢাকার শেরেবাংলা নগরের শহীদ সোহরাওয়ার্দী হাসপাতাল কমপ্লেক্সের মধ্যে ২২ ডিসেম্বর ১৯৭৯ সালে একটি ১০০ শয্যা বিশিষ্ট জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল প্রতিষ্ঠিত হয়। ইনস্টিটিউট এবং হাসপাতাল অস্থায়ীভাবে সীমিত জায়গার মধ্যে কাজ শুরু করে, যা এতই ছোট যে ইনস্টিটিউটের একাডেমিক কার্যক্রম এবং হাসপাতালের পরিষেবা সরবরাহ করা কঠিন হয়ে পড়ে; অন্যদিকে চক্ষু ও সেবার ওপর উচ্চশিক্ষার চাহিদা দিন দিন বাড়তে থাকে। এই পরিস্থিতিতে সরকার. একটি পৃথক জায়গায় ইনস্টিটিউট ও হাসপাতাল প্রতিষ্ঠার গুরুত্ব উপলব্ধি করে। এ পরিপ্রেক্ষিতে সরকার ইনস্টিটিউট এবং একটি ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালের জন্য ঢাকার শেরেবাংলা নগরের স্বাস্থ্য অঞ্চলে ৩ একর জমি (প্লট নং-এফ-৭ ও ৮) বরাদ্দ করে। জমির দাম ৫০ লাখ টাকা নির্ধারণ করে এবং ৫০০.০০ লক্ষ টাকা ট্রেজারি চালানের মাধ্যমে পূর্ত মন্ত্রণালয়কে প্রদান করা হয়।

জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে অন্যান্য রোগের মতো চক্ষুরোগও বাড়ছে। প্রতিবেশী দেশগুলিতে চিকিৎসার প্রযুক্তিটি চলতি বছরে অগ্রসর হয়েছে, যেখানে আমাদের প্রযুক্তি তাদের সাথে তুলনা করার মতো হওয়া দরকার। জেলা পর্যায়ের হাসপাতালগুলোতে প্রশিক্ষিত জনবল, আধুনিক যন্ত্রপাতির অভাবের কারণে অনেক রোগী চিকিৎসা সুবিধা নিতে পারে না। অন্য কোন বিকল্প না পেয়ে রোগীরা ন্যাশনাল ইনস্টিটিউট অফ অপথালমোলজি (NIO) থেকে বিশেষায়িত চিকিৎসা সুবিধা পাওয়ার অভিপ্রায় নিয়ে ঢাকায় আসেন, কিন্তু বেড, অবকাঠামো, আধুনিক যন্ত্রপাতির স্বল্পতার কারণে প্রতিষ্ঠানটি সন্তুষ্টির মতো সেবা বহন করতে পারে না। প্রযুক্তি. তাছাড়া অন্ধরাও সমাজের বোঝা। সময়মত হস্তক্ষেপ রোগী এবং অন্ধত্ব কমাতে পারে। আধুনিক চিকিৎসার জন্য বিশেষায়িত ডাক্তার, প্রশিক্ষিত নার্স এবং প্যারামেডিকরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তবে বিশেষায়িত ডাক্তারদের নিশ্চিত করতে স্নাতকোত্তর বা ডিপ্লোমা প্রশিক্ষণ কোর্সের জন্য প্রতিষ্ঠানের সক্ষমতা জোরদার করার প্রয়োজনীয়তা দেখা দেয়। চক্ষু চিকিৎসায় সাম্প্রতিক অগ্রগতি, বিশেষ করে ভিট্রো-রেটিনা, অকুলোপ্লাস্টি, নিউরো-অপথালমোলজি, কমিউনিটি চক্ষুবিদ্যা এবং শিশু চক্ষুবিদ্যার উপর বিশেষায়িত ডাক্তারদের পর্যায়ক্রমিক অভিযোজন প্রয়োজন।

রোগী, যারা আর্থিকভাবে স্বচ্ছল এবং সামর্থ্য রাখে, তারা বিদেশে এবং অন্যান্য প্রতিবেশী দেশগুলিতে কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা ব্যয় করে, যা দেশের জন্য একটি অপূরণীয় অর্থনৈতিক ক্ষতি। দেশের অভ্যন্তরে সুযোগ-সুবিধা পাওয়া গেলে উল্লেখযোগ্য পরিমাণ বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে।

এই সকল বিষয় বিবেচনায় নিয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী তাঁর আগ্রহ দেখিয়ে ১৭ এপ্রিল ২০০২ এ শেরেবাংলা নগরে প্লটে (প্লট নং-এফ-৭ ও ৮) ২৫০ শয্যা বিশিষ্ট জাতীয় চক্ষুবিদ্যা ও হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছে। ইনস্টিটিউট ও হাসপাতাল চালু হওয়ার পর ইনস্টিটিউট ও হাসপাতালের কার্যক্রম বহুগুণ বৃদ্ধি পাবে। চক্ষু বিশেষজ্ঞের সংখ্যা বাড়ানো হবে এবং এর ফলে চোখের রোগের চিকিৎসা দক্ষতার সাথে পরিচালিত হবে।

ইনস্টিটিউট চালু হওয়ার পর প্রায় ১৫০০০ জন ওপিডিতে, ২৫০০০ জন ইনডোরে এবং ৬০০০ জন জরুরি বিভাগে পরিষেবা পাবেন। ইনস্টিটিউট এবং হাসপাতাল প্রতিষ্ঠার অংশ হিসাবে, স্থাপত্য অধিদপ্তর একটি স্থাপত্য নকশা, বিন্যাস পরিকল্পনা এবং ভৌত নির্মাণের জন্য ৫২৪৬.০০ লক্ষ টাকা ব্যয়ের একটি প্রাক্কলন প্রস্তুত করে। প্রাথমিকভাবে ছয়তলা ভবন নির্মাণের লে-আউট প্ল্যান প্রস্তুত করে

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে জমা দেওয়া হয়। প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা হয় ৮৭৭৫.৬৩ লক্ষ টাকা। প্রকল্পটি ১৬.৮.২০০৩ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়।

বাস্তবায়ন: প্রকল্পটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিবের নেতৃত্বে একটি স্টিয়ারিং কমিটি এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের নেতৃত্বে একটি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন পরিবীক্ষণ করার জন্য নির্ধারণ করা হয়। নানা ধরণের চোখের সমস্যায় জর্জরিত মানুষের চোখের রোগের চিকিৎসা ও নানাবিধ চক্ষু রোগের প্রতিকারের জন্য এবং চক্ষু রোগের আধুনিক অপারেশন সুবিধা সৃষ্টির লক্ষ্যে সৌদি আর্থিক সহায়তা ও বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়েছে।

৮.২ প্রকল্পের উদ্দেশ্য:

- চক্ষুবিদ্যা বিষয়ে ডাক্তার, নার্স, প্যারামেডিক এবং অন্যান্য আনুষঙ্গিক কর্মীদের প্রশিক্ষণের জন্য সমস্ত আধুনিক সুযোগ-সুবিধা এবং সর্বশেষ প্রযুক্তিসহ দেশে একটি ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা।
- সকল চক্ষুরোগ আক্রান্ত রোগীর চিকিৎসার সুবিধা প্রদান এবং জটিল রোগীদের আধুনিক সেবা প্রদানের মাধ্যমে বিদেশে চিকিৎসা নেয়ার প্রবণতা নিরুৎসাহিত করে দেশের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে।
- গবেষণা কাজের জন্য উৎকর্ষ কেন্দ্র হিসাবে একটি ইনস্টিটিউটটি প্রতিষ্ঠা করা।
- হাসপাতালে শয্যা ও আধুনিক যন্ত্রপাতি বৃদ্ধিসহ আধুনিক সেবা সুবিধা বৃদ্ধির মাধ্যমে দেশের জনসংখ্যার মধ্যে অন্ধত্বের বিরুদ্ধে লড়াই করা।
- চক্ষুবিদ্যা সংশ্লিষ্ট বিষয়ে এফসিপিএস, এমএস, ডিপ্লোমা, নার্সিং ডিপ্লোমাসহ বিভিন্ন দীর্ঘ্য ও স্বল্পমেয়াদী কোর্সে ভর্তি হওয়া শিক্ষার্থীদের জন্য একাডেমিক পরিবেশের আধুনিকায়ন করা।

৮.৩ প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রম:

- ২৫০ শয্যা বিশিষ্ট জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল ভবন স্থাপন
- চক্ষু রোগীদের চোখের সকল সেবা প্রদানের জন্য যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম স্থাপন

৯। মাঠ পর্যায়ে পরিদর্শনে প্রাপ্ত তথ্য:

গত ২৯/০৯/২০২১ এবং ০১/০৩/২০২৩ তারিখে প্রকল্পটির আওতায় সম্পাদিত কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য ও পর্যবেক্ষন নিম্নরূপ:

(ক) জমি অধিগ্রহণ: ঢাকার শেরেবাংলা নগরের স্বাস্থ্য অঞ্চলে ৩ একর জমি (প্লট নং-এফ-৭ ও ৮) বরাদ্দ করে প্রকল্পের আওতায় ৩.০ একর জমির মূল্য পূর্ত মন্ত্রণালয়কে পরিশোধ করে জমি সংগ্রহ করা হয়েছে।

(খ) নির্মাণ কাজ: অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় ১০তলা ভিতে ৬তলা পর্যন্ত ২৫০ শয্যাবিশিষ্ট জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল ভবন স্থাপন করা হয়েছে। আধুনিক ডিজাইনে প্রকল্প বাস্তবায়নের শুরুতে বেশ কিছু ত্রুটি-বিচ্যুতি আইএমইডি'র পরিদর্শনকালে পরিলক্ষিত হয়। আইএমইডি'র সুপারিশের ভিত্তিতে এবং একনেক-এর অনুশাসন অনুযায়ী প্রকল্পের আওতায় নির্মিত ভবনের অবকাঠামোগত উন্নয়ন ও প্রয়োজনীয় সংস্কার করে তা সম্পুর্ণ ব্যবহার উপযোগী করার প্রয়াস নেয়া হয়। কার পার্কিং-এর জন্য ভবনের বেজমেন্ট-এ সংস্থান রেখে নির্মাণ কার্যক্রম সম্পন্ন হলেও তা সম্পুর্ণভাবে কারপার্কিং-এর জন্য ব্যবহার করা যায়নি। ভবনের বেজমেন্টটি বর্তমানে সীমিত আকারে পার্কিং, ডাম্পিং স্টোর ও অনির্ধারিত কাজে ব্যবহৃত হচ্ছে। প্রকল্প বাস্তবায়ন শেষ হওয়ার অনেক আগেই নির্মিত ভবন হতে সেবা প্রদান কার্যক্রম শুরু করা হয় এবং তা অব্যহত রয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় ডাক্তারদের জন্য ১টি ৫ তলা আবাসিক ভবন, ডাক্তার ও নার্সদের জন্য ১টি ৫ তলা ডরমেটরি ভবন, ৩য় শ্রেণির কর্মচারিদের জন্য ১টি ৫ তলা আবাসিক ভবন এবং ৪র্থ শ্রেণির কর্মচারিদের জন্য ১টি ৫ তলা আবাসিক ভবন নির্মাণ করা হয়েছে।

(গ) যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় সংক্রান্ত তথ্যাদি: প্রকল্পের আওতায় বেশ কিছু যন্ত্রপাতি প্রকল্প বাস্তবায়নের প্রথম দিকে ক্রয় ও স্থাপন করা হয়। এসকল যন্ত্রপাতি দিয়ে এবং প্রয়োজনের নিরিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িত সেক্টর কর্মসুচিসমূহের আওতায় বেশ কিছু যন্ত্রপাতি বর্ণিত জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালের জন্য ক্রয় ও স্থাপন

করে সেবা কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের আওতায় চক্ষু রোগের চিকিৎসার জন্য প্রয়োজনীয় বেশ কিছু আধুনিক যন্ত্রপাতি সৌদি ফান্ডের অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের শেষ দিকে ক্রয় ও স্থাপন করা হয়েছে। বিভিন্ন জটিলতায় সৌদি অর্থায়নে বিলম্ব হওয়ায় প্রকল্প সমাপ্তিতে বিলম্ব ঘটেছে। তবে সরকারের কুটনৈতিক সাফল্যের কারণে সৌদি সরকার প্রতিশ্রুত অর্থ ছাড় করলে প্রকল্পের জন্য প্রয়োজনীয় অবশিষ্ট যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন সম্ভব হয়েছে। হাসপাতালে বর্ণিত প্রকল্পসহ অনুন্নয়ন বাজেট ও সেক্টর কর্মসূচির আওতায় বিবিন্ন যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত যন্ত্রপাতিসমূহে অর্থায়নের উৎস বা প্রকল্পের নামে উল্লেখ না থাকায় বিবেচ্য প্রকল্পের সকল যন্ত্রপাতির সঠিক পরিসংখ্যান ও গুনগত মান সম্পর্কে নিশ্চত হওয়া যায়নি। এছাড়া প্রকল্প বাস্তবায়ন ২০০৩ সালে শুরু হয় এবং ২০০৭ সালে ভবন নির্মাণ ১০০% সম্পন্ন হওয়ার আগেই হাসপাতালে সেবা প্রদান শুরু হয়। প্রায় ১৫ বছর যাবৎ হাসপাতালটি ব্যবহৃত হচ্ছে বলে জানা যায়। ফলে নিয়মিত ব্যবহারজনিত করাণে এবং প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ ও যন্ত্রপাতিসমূহের সেল্ফ লাইফ ইত্যাদি বিবেচনায় বেশ কিছু যন্ত্রপাতি ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে বলে পরিদর্শনকালে জানান হয়।

(ঘ) প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি: প্রকল্পের আওতায় ৬জন কর্মকর্তাকে বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে বলে জানা যায়।

(ঙ) যানবাহন সংক্রান্ত তথ্যাদি: প্রকল্পের আওতায় ২ (দুই)টি এ্যাম্বুলেন্স ও ০১ (এক)টি পিকআপ সংগ্রহ করা হয়েছে। যানবাহনসমূহ সচল রয়েছে।

(চ) ক্রয় সংক্রান্ত তথ্যাদি: সরকারী ক্রয় সংক্রান্ত বিধিবিধান এবং সৌদি কর্তৃপক্ষের সাথে সম্পাদিত চুক্তির শর্তাদি পূরণ করে ক্রয় কার্যক্রম বাস্তবায়িত হয়েছে বরে জানা যায়।

(চ) প্রকল্পের অর্থায়ন সম্পর্কিত তথ্যাদি: প্রকল্পটি বাংলাদেশ সরকার ও সৌদি ডেভেলপমেন্ট ফান্ডের (SFD) অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

১০। ফাপাড অডিট সংক্রান্ত তথ্যাদি:

প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রমসমূহের বিষয়ে অডিট পরিচালিত হয়েছে। ২০০৩ হতে ২০১৮ পর্যন্ত সময়ে মোট ২২টি এবং ২০১৮-১৯ অর্থবছরে ২টি আপত্তি উত্তাপিত হয়েছে। উত্থাপিত মোট ২৪টি আপত্তি নিষ্পত্তি হয়েছে বলে প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানান। উল্লেখ্য, ২০১৮-১৯ অর্থবছরের দুটি আপত্তি ফাপাদ স্মারক নং ৮২.০৮.০০০০.২২৯.৪৫.০৪৮.১৬৩৯ ও ১৬৪০, তারিখ ২০/৯/২০২১ এর মাধ্যমে আদেশ জারী নিস্পত্তি হয়েছে মর্মে অবহিত করা হয়েছে।

১১। প্রকল্পের সার্বিক অগ্রগতি:

প্রকল্পটির শুরু হতে সমাপ্তি পর্যন্ত সংশোধিত ডিপিপি'র সংস্থানকৃত ১৩৩৪৭.৭৭ লক্ষ টাকার বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১২৪০১.৬২ লক্ষ টাকা, যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯২.৯২% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছর ভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থবছর	মূল ডিপিপি সংস্থান	সংশোধিত ডিপিপি সংস্থান	সংশোধিত এডিপিতে বরাদ্দ	অবমুক্ত	মোট ব্যয়	সমর্পণকৃত অর্থ
২০০৩-০৪	১১২৮.৭৯	৮০৮.৫০	৮০৮.৫০	৮০৮.৫	৮০৮.৫	-
২০০৪-০৫	৩০৩৯.৫৬	৬২৬.৯৫	৬২৬.৯৫	৬২৬.৯৫	৬২৬.৯৫	-
২০০৫-০৬	৪৬০৭.২৮	৩৭৪১.০৪	৩৭৪১.০৪	৩৭৪১.০৪	৩৭৪১.০৪	-
২০০৬-০৭	-	১২৫৪.৫০	১২৫৪.৫০	১২৫৪.৫	১২৫৪.৫	-
২০০৭-০৮	-	৮৭৬.৭৬	৮৭৬.৭৬	৮৭৬.৭৬	৮৭৬.৭৬	-
২০০৮-০৯	-	৩৭০.৯৯	৩৭০.৯৯	৩৭০.৯৯	৩৭০.৯৯	-
২০০৯-১০	-	১৭৫.০০	১৭৫.০০	১৭৫	১৭৫	-
২০১০-১১	-	১০৫৮.৯২	১০৫৮.৯২	১০৫৮.৯২	১০৫৮.৯২	-

অর্থবছর	মূল ডিপিপি সংস্থান	সংশোধিত ডিপিপি সংস্থান	সংশোধিত এডিপিতে বরাদ্দ	অবমুক্ত	মোট ব্যয়	সমর্পণকৃত অর্থ
২০১১-১২	-	২০২.১২	২০২.১২	২০২.১২	২০২.১২	-
২০১২-১৩	-	১৫৮২.৫৭	১৫৮২.৫৭	১৫৮২.৫৭	১৫৮২.৫৭	-
২০১৩-১৪	-	২৪৪.৭৮	২৪৪.৭৮	২৪৪.৭৮	২৪৪.৭৮	-
২০১৪-১৫	-	৭৩.৪৫	৭৩.৪৫	৭৩.৪৫	৭৩.৪৫	-
২০১৫-১৬	-	২০.০০	২০.০০	৬.৭৫	৬.৭৫	-
২০১৬-১৭	-	১৯৭৩.৫৭	১৩৪.১৯	১০.৩৫	৮.২২	২.১১৫
২০১৭-১৮	-	৩৩৮.৬২	৩৩৮.৬২	১৮.৫১	১৮.৫১	-
২০১৮-১৯	-		১৮৩৯.৩৮	১৩৫৯.৭২	১৩৫২.৫৬	৭.১৬
মোট:	৮৭৭৫.৬৩	১৩৩৪৭.৭৭	১৩৩৪৭.৭৭	১২৪১০.৯৬	১২৪০১.৬২	

তথ্যসূত্র: পিসিআর ও পরিদর্শনকালে প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী

১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবি	হইতে	পর্যন্ত
(১)	অধ্যাপক ডাঃ মোঃ শাহাব উদ্দিন, প্রকল্প পরিচালক	১০/১১/২০০৩	২০/০৩/২০০৯
(২)	ডাঃ মোঃ রেজানুর রহমান, প্রকল্প পরিচালক	২১/০৩/২০০৯	৩১/০৭/২০১৭
(৩)	অধ্যাপক ডাঃ মোস্তফা কামাল মজুমদার, প্রকল্প পরিচালক	০১/০৮/২০১৭	০২/০১/২০১৮
(৪)	অধ্যাপক ডাঃ মোহাম্মদ গোলাম রসুল, প্রকল্প পরিচালক	০৩/০১/২০১৮	৩০/০৬/২০১৯

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

প্রকল্প পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্যের প্রেক্ষিতে অর্জিত ফলাফল নিম্নরূপ:

ক্রম	পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
(১)	চক্ষুবিদ্যার বিষয়ে চিকিৎসক, নার্স, প্যারামেডিকস এবং অন্যান্য আনুষঙ্গিক কর্মীদের প্রশিক্ষণের জন্য সমস্ত আধুনিক সুবিধা এবং সর্বশেষ প্রযুক্তি সহ দেশে একটি ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা।	চক্ষুবিদ্যার বিষয়ে চিকিৎসক, নার্স, প্যারামেডিকস এবং অন্যান্য আনুষঙ্গিক কর্মীদের প্রশিক্ষণের জন্য সমস্ত আধুনিক সুবিধা এবং সর্বশেষ প্রযুক্তি সহ দেশে একটি ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়েছে।
(২)	সমস্ত চক্ষু রোগীর চিকিৎসার জন্য সুবিধাগুলি সরবরাহ করা এবং জটিল রোগীদের আধুনিক পরিষেবা সরবরাহ করা; ফলস্বরূপ, বিদেশে চিকিৎসার প্রবণতা নিরুৎসাহিত করা এবং দেশের কঠোর উপার্জিত বৈদেশিক মুদ্রা বাঁচানো।	সমস্ত চক্ষু সংক্রান্ত চিকিৎসা সুবিধা এবং জটিল রোগীদের আধুনিক পরিষেবা সৃষ্টি হয়েছে। হাসপাতালের অন্তঃবিভাগ ও বহিঃবিভাগে পরিষেবার সুযোগ সৃস্টি হওয়ায় বিদেশে চিকিৎসা গ্রহণের প্রবণতা হ্রাস পেয়েছে এবং বৈদেশিক মূদ্রার সাশ্রয় হচ্ছে।
(৩)	চক্ষুবিদ্যা বিষয়ে গবেষণা কাজের জন্য ইনস্টিটিউটটি শ্রেষ্ঠত্বের কেন্দ্র (center of excellence) হিসাবে প্রতিষ্ঠিত হবে।	চক্ষুবিদ্যা বিষয়ে গবেষণা কাজের জন্য ইনস্টিটিউটটি শ্রেষ্ঠত্বের কেন্দ্র (center of excellence) হিসাবে প্রতিষ্ঠা পেয়েছে।
(৪)	হাসপাতালে বিছানা এবং আধুনিক সরঞ্জাম বৃদ্ধি	ঢাকার শের-ই-বাংলানগরে ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল

ক্রম	পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
	সহ আধুনিক পরিষেবা সুবিধাগুলি বাড়িয়ে দেশের জনসংখ্যার মধ্যে অন্ধত্বের বিরুদ্ধে লড়াই করা।	স্থাপনের মাধ্যমে অন্ধত্বের বিরুদ্ধে লড়াই পরিচালিত হচ্ছে।
(৫)	চক্ষুবিজ্ঞানে এফ.সি.পি.এস., এম.এস., এবং ডিপ্লোমা জাতীয় বিভিন্ন কোর্স, নার্সিং এবং অন্যান্য স্বল্প-মেয়াদী ও দীর্ঘমেয়াদী ফেলোশীপ প্রশিক্ষণ কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য একাডেমিক পরিবেশের আধুনিকীকরণ।	চক্ষুবিজ্ঞানে এফ.সি.পি.এস., এম.এস., এবং ডিপ্লোমা জাতীয় বিভিন্ন কোর্স, নার্সিং এবং অন্যান্য স্বল্প-মেয়াদী কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য একাডেমিক পরিবেশ সৃষ্টি হয়েছে।

১৫। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:

পিসিআর ও প্রকল্প পরিদর্শনে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১৬। পরিদর্শনকালে পর্যবেক্ষণ:

(ক) মূল অনুমোদিত প্রকল্প বাস্তবায়নকাল ৩বছর নির্ধারণ করা হলেও ৩বছরের পরিবর্তে ১৬বছর সময়ে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। ফলে প্রকল্প মেয়াদ ১৩ বছর (৪৩৩.৩৩%) এবং প্রকল্প ব্যয় ৩৬.২৫৯৯ কোটি টাকা (৪১.৪২%) বৃদ্ধি পেয়েছে। এ ধরণের মেয়াদ বৃদ্ধি পাওয়া মোটেও কাম্য নয়।

(খ) প্রকল্পের নির্মাণ কাজে নানাবিধ অনাকাঙ্খিত অনিয়ম ও বাস্তবায়ন ত্রুটি পরিলক্ষিত হয়েছে। আইএমইডি ও বিভিন্ন কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত তদন্ত প্রতিবেদনে তার প্রতিফলন ঘটেছে। এর ফলে নির্মাণ প্রতিষ্ঠানের সক্ষমতা ও দায়িত্ব সম্পর্কে অসচেতনতার বিষয়টি সুস্পষ্ট প্রতীয়মান হয়।

(গ) উন্নয়ন সহযোগীর সাথে সম্পর্ক উন্নয়নের ক্ষেত্রে যথাযথ কৌশল অবলম্বন করতে না পারায় অর্থ ছাড়ে বিলম্ব ঘটেছে বলে প্রতীয়মান হয়। এক্ষেত্রে সংশ্লিষ্ট সকলে আরও কৌশলী হলে অর্থছাড়ের বিষয়টি ত্বড়ান্বিত হতো।

(ঘ) প্রকল্প পরিদর্শনকালে হাসপাতালে সেবা প্রত্যাশিদের আধিক্য পরিলক্ষিত হলে সেবা প্রদান সম্পর্কিত তথ্য পর্যালোচনা করা হয়। তথ্য পর্যালোচনায় জানা যায় যে, ২০২২ সালে নতুন ১৩৩৭৩ জন নতুন রোগি ভর্তি করা হয়েছে এবং একল রোগীর হাসপাতালে গড় অবস্থান ৫.৫ দিন। জরুরী বিভাগে ৮৯৭৬জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। বিহঃবিভাগে ৫৬৮৩৩৮ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়া উক্ত সময়ে ১৭৯৩০টি মেজর ও ১১১১টি মাইনর অপারেশন সম্পন্ন হয়েছে (বিস্তারিত পরিশিষ্ট-খ)। ছোখের ছানিসহ নানাবিধ রোগীদের পোস্ট অপারেটিভ বেড সংখ্যা কম থাকায় অপারেশন বিলম্বিত হচ্ছে বলে জানা যায়। ফলে হাসপাতালে আগত সকল রোগীকে যথাসময়ে তাদের চাহিদামত সেবা প্রদান করা যাচ্ছেনা। এ সকল বিবেচনায় হাসপাতালে সম্প্রসারণ করে অপারেটিভ বেড সংখ্যা বৃদ্ধি করা হলে হাসপাতালে আগত সেবা প্রত্যাশিদের অপারেশন সেবা প্রদান করা যাবে এবং এতদ সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জিত হবে।

(ঙ) হাসপাতালের মোট অনুমোদিত জনবলের সংখ্যা ৫৮১ এর বিপরীতে ৪৫১ জন জনবল কর্মরত রয়েছেন এবং ১৩০টি পদ শুন্য রয়েছে। মোট অনুমোদিত জনবলের মধ্যে প্রায় ২২% পদ শুন্য থাকায় সেবার পরিমান কম ও সেবার মান খারাপ হওয়ার আশঙ্কা রয়েছে (বিস্তারিত পরিশিষ্ট-গ)।

১৭। পরিদর্শনকালে কিছু স্থিরচিত্র:



২৫০ শয্যা বিশিষ্ট জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল



আবাসিক ভবন



আবাসিক ভবন



ফ্যামটো ক্যাটারেক্ট ল্যাসিক মেশিন



স্লিট ল্যাম্প



সিটি স্ক্যান মেশিন



এমআরআই মেশিন



হেপা ফিল্টার এক্সটার্নাল ইউনিট



হেপা ফিল্টার ইন্টার্নাল ইউনিট

১৭। সুপারিশ/মতামত:

ক) ভবিষ্যতে প্রকল্প মূল অনুমোদিত সময়ের মধ্যে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক হবার পরামর্শ দেয়া যেতে পারে;

খ) প্রকল্পের নির্মাণ কাজ বাস্তবায়নে পরিলক্ষিত সকল ত্রুটি-বিচ্যুতি সঠিকভাবে মেরামত হয়েছে কী না তা পরীক্ষা করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে;

গ) প্রকল্পের আওতায় নির্মাণ কাজের শুরুতে প্রণীত নকশা ও Specification অনুযায়ী নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা যেতে পারে, যাতে কোন ধরণের অবহলা বা বিচূতি পরিলক্ষিত না হয়;

ঘ) সকল উন্নয়ন সহযোগীর সাথে সম্পর্ক উন্নয়নের মাধ্যমে যথাসময়ে অর্থছাড়ের বিষয়টি নিশ্চিত করতে হবে যাতে অর্থ ছাড়ের অভাবে প্রকল্পের কার্যক্রম ব্যহত না হয়।

ঙ) হাসপাতালের সেবা প্রত্যাশিদের সেবা গ্রহণের সুবিধার্থে পোস্ট অপারেটিভ শয্যা সংখ্যার বৃদ্ধির বিষয়টি পরীক্ষা করে প্রত্যাশী সংস্থা ও উদ্যোগী মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

চ) শুন্য পদ পূরণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং সকল সেবা প্রত্যাশিকে ঈপ্সীত মানের সেবা প্রদান নিশ্চিত করবেন;

ছ) অনুচ্ছেদ ক) হতে চ) এ উল্লিখিত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডি'কে প্রতিবেদন জারীর ৩০ কার্যদিবসের মধ্যে অবহিত করতে হবে।

পরিশিষ্ট-ক

প্রকল্পের ক্রয় সম্পর্কিত তথ্যাদি

ক) কার্য ক্রয়

Description of procurement (goods/works /consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in crore Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
	As per PP	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Construction of main building	4614.22	3884.62	01/2003-2004	22.04.2004	January 2008	January 2008

খ) পণ্য ক্রয়

Description of procurement (goods/works /consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in crore Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
	As per PP	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**
NIOHP-06 (MRI Machine)	950.00	950.00	12.11.2005	03.06.2006	09.07.2008	09.07.2008
NIOHP-06 (CT Scan Machine)	350.00	350.00	12.11.2005	03.06.2006	09.07.2008	09.07.2008
NIOHP-08 Slit lamp	285.81	285.81	03.01.2006	14.10.2006	03.06.2007	03.06.2007
NIO-SFD-12/A (Excimer Laser System)	271.478	271.478	30.10.2009	Contract signing date-	22.02.11	22.02.11
NIO-SFD-16 (Excimer Laser System)	538.061	538.061	30.10.2009	L.C opening date-26.12.11 & 12.02.12	03.09.12	03.09.12
NIO-SFD-19, Lot-1 (Foreign Ophthalmic Equipment)	287.82	287.82	30.10.2009	L.C opening date-02.02.12 & 12.02.12	13.09.12	13.09.12
NIO-SFD-19, Lot-2 (Foreign Ophthalmic Equipment)	286.87	286.87	30.10.2009	L.C opening date-12.09.12	30.10.12	30.10.12

Description of procurement (goods/works /consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in crore Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
	As per PP	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
SFD-20 Femtosecond System (Cataract)	680.00	667.54	2018-2019	16.08.2018	03.06.2019	03.06.2019
SFD-22 Lot-1 Corneal Cross Linking System, 200 Wide-Field Imaging Device For Retina With FFA/ICG/AF/IR	255.00	246.35	2018-2019	16.08.2018	20.6.2019	20.6.2019
Lot-2 Upgrade Automated Visual Field Analyzer , Optical Biometry System,	73.00	71.5	2019-2020	16.08.2018	15.05.2019	15.05.2019
Lot-3 Selective Laser Trabeculoplasty (SLT) With Contact Lens, Pattern Laser (Multispot) System, Double Frequency YAG Laser With Photo Coagulator with Slit Lamp Delivery System, ND YAG Laser, Latest Phaco Emulsification System	274.00	261.02	2018-2019	16.08.2018	18.04.2019	18.04.2019
SFD-07 CSSD Automatic Washing, Disinfecting and Draining Machine with accessories	108.60	105.24	2018-2019	09/01/2019	22.05.2019	22.05.2019

Service delivery in last 6 year (NIO&H)

Year	Outdoor	Emergency	Admission	Major Operation	Minor Operation	Bed Occupancy
2017	456022	3472	12784	14902	1967	80.68
2018	518940	6474	15482	15970	1476	102.75
2019	547522	6225	14887	17205	1334	100.68
2020 (Covid)	363153	6641	11054	9320	949	75.37
2021 (Covid)	437648	7293	11688	11586	980	83.1
2022 (Covid)	568338	8976	13373	17930	1111	83.4

Sanctioned post(NIO&H): 581 (Filled: 451+ Vacant:130)

1st Class (Pay Scale 1 to 9)

Designation	Total Posts	Filled	Vacant
Director Cum Professor (NIO)	1	1	0
Professor	11	7	4
Associate Professor	20	9	11
Deputy Director	1	1	0
Asstt. Director	1	1	0
Sr. Consultant	2	1	1
Asstt. Professor	24	10	14
Jr. Consultant	7	5	2
Programmer	1	1	0
Resident Physician	2	1	1
Resident Surgeon	1	1	0
Sr. Lecturer	1	1	0
Registrar	4	3	1
Asstt. Surgeon	22	20	2
Asstt. Registrar	17	15	2
Medical Officer	12	11	1
Emergency Medical Officer	5	5	0
Anesthesiologist	3	3	0
Anesthetist	1	1	0
Dental Surgeon	1	1	0
Lecturer	2	2	0
Neurologist	1	1	0

Pathologist	2	2	0
SDPP	1	1	0
Personnel Officer	1	0	1
Engineer (Instrument Maintanance)	1	0	1
Deputy Nursing Superintendent	2	2	0
Total 1st Class	147	106	41

2nd Class (Pay Scale 10)

Designation	Total Posts	Filled	Vacant
Administrative Officer	2	2	0
Nursing Supervisor	7	4	3
Sr. Staff Nurse & Staff Nurse	240	234	6
Sr. Medical Technologist (Lab)	1	1	0
Store Officer	1	1	0
Total 2nd Class	251	242	9

Others Staff (Pay Scale 11 to 20)

Designation	Total Posts	Filled	Vacant
Total (Pay Scale 11 to 20)	183	103	80